# ফিন্যান্স ও ব্যাংকিং

## অধ্যায় ১

## অর্থায়ন ও ব্যবসায় অর্থায়ন

### সৃজনশীল বহুনির্বাচনি

১. **সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?** [চট্টগ্রাম বোর্ড ২০২১; যশোর বোর্ড ২০২০; সিলেট বোর্ড ২০১৯; কুমিল্লা বোর্ড ২০২১] ★★★

ক মুনাফা অর্জন খ ব্যবসায় সম্প্রসারণ
● সমাজকল্যাণ ঘ স্থায়ী সম্পত্তি ক্রয়

২. **ট্রেজারির বিল কোন অর্থায়নের উৎস?** [চট্টগ্রাম বোর্ড ২০২৩] ★★★

● সরকারি অর্থায়ন খ পারিবারিক অর্থায়ন
গ আন্তর্জাতিক অর্থায়ন ঘ কারবারি অর্থায়ন

৩. **ব্যবসায় প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী?** [সকল. বো. ১৫] ★★★

ক সাফল্য অর্জন খ সুনাম অর্জন
গ সম্পদ অর্জন ● মুনাফা অর্জন

৪. **অর্থায়ন কী নিয়ে কাজ করে?** [দিনাজপুর বোর্ড ২০২১, সকল. বো. ২০১৫] ★★★

ক বিনিময় ব্যবস্থাপনা ● তহবিল ব্যবস্থাপনা
গ মূলধন ব্যবস্থাপনা ঘ মুনাফা ব্যবস্থাপনা

৫. **সরকারি অর্থায়নে আয়ের উৎস কোনটি?** [কুমিল্লা বোর্ড ২০১৯; রাজউক উত্তরা মডেল কলেজ] ★★★

ক সরকারি শিক্ষা প্রতিষ্ঠান ● ট্রেজারির বিল
গ সেতু ঘ সরকারি হাসপাতাল

৬. **বিশ্বব্যাংক কোন জাতীয় অর্থায়নের সাথে জড়িত—** [সকল. বো. ২০১৫] ★★

ক অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন
খ পারিবারিক অর্থায়ন
● সরকারি অর্থায়ন
ঘ আন্তর্জাতিক অর্থায়ন

৭. **ব্যবসায়ে তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কোনটি?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ] ★★

ক অর্থায়ন খ জাতীয় উন্নয়ন
গ সামাজিক মর্যাদা বৃদ্ধি ● মুনাফা অর্জন

PARTHIB BOOKS

৮. **কম্পিউটার অধ্যায়ের সূচনা হয়–**[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ] ★★★

ⓚ ১৯৫০ এর দশকে ⓚ ১৯৬০ এর দশকে

● ১৯৭০ এর দশকে ⓖ ১৯৮০ এর দশকে

৯. **জাতীয় আয় বৃদ্ধির প্রত্যক্ষ ভূমিকা রাখে কোনটি?** [খুলনা জিলা স্কুল] ★★★

● উৎপাদনমুখী বিনিয়োগ ⓚ আমদানি মুখী বিনিয়োগ

ⓖ রক্ষণশীল বিনিয়োগ ⓖ সেবামূলক বিনিয়োগ

১০. **বাণিজ্য ঘাটতি পূরণে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?** [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা] ★★★

● রেমিটেন্স ⓚ বৈদেশিক ঋণ

ⓖ বৈদেশিক সাহায্য ⓖ আয়কর

১১. **কোনটির জন্য চলতি মূলধন দরকার হয় না?** [খুলনা সরকারি বালিকা বিদ্যালয়] ★★

ⓚ কাঁচামাল ক্রয় ⓚ শ্রমিকের মজুরি প্রদান

● মেশিন ক্রয় ⓖ ভাড়া প্রদান

১২. **আয় সিদ্ধান্ত কী?** [বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

● তহবিল সংগ্রহ প্রক্রিয়া ⓚ তহবিল ব্যবহার প্রক্রিয়া

ⓖ লভ্যাংশ প্রদান ব্যবস্থা ⓖ উৎপাদন ব্যবস্থাপনা

১৩. **আমাদানি ও রপ্তানি খাত নিয়ে যে অর্থায়ন আলোচনা করে তাকে কী বলা হয়?** [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, রংপুর] ★★★

ⓚ পারিবারিক অর্থায়ন ⓚ সরকারি অর্থায়ন

● আন্তর্জাতিক অর্থায়ন ⓖ ব্যবসায় অর্থায়ন

১৪. **যুক্তরাষ্ট্রের চরম মন্দাবস্থা শুরু হয় কখন?** [বগুড়া জিলা স্কুল] ★★★

ⓚ কুড়ির দশকে ● ত্রিশের দশকে

ⓖ চল্লিশের দশকে ⓖ পঞ্চাশের দশকে

১৫. **শিল্প বিপ্লব সংঘটিত হয় কত শতাব্দীতে?** [কুমিল্লা জিলা স্কুল] ★★★

ⓚ ষষ্ঠদশ ● সপ্তদশ

ⓖ অষ্টাদশ ⓖ ঊনবিংশ

১৬. **ব্যবসায়ের মূল চালিকাশক্তি কোনটি?** ★★★

● অর্থায়ন ⓚ বিনিয়োগ

ⓖ শিল্পায়ন ⓖ আত্মবিশ্বাস

১৭. **তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলে?** ★★

● অর্থায়ন ⓚ পরিকল্পনা

ⓖ বাস্তবায়ন ⓖ প্রকল্প

১৮. **দোকান ভাড়া, কর্মচারীর বেতন, বিদ্যুৎ বিল ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য কোন ধরনের মূলধন ব্যবহার করা হয়?** ★★★

PARTHIB BOOKS

● চলতি মূলধন ⓶ স্থায়ী মূলধন
ⓖ নিজস্ব মূলধন ⓘ ঋণকৃত অর্থ

১৯. দোকান ভাড়া, কর্মচারীর বেতন, বিদ্যুৎ বিল ইত্যাদি ব্যয় নির্বাহের জন্য কোন ধরনের মূলধন ব্যবহার করা হয়? ★★★
● চলতি মূলধন ⓶ স্থায়ী মূলধন
ⓖ নিজস্ব মূলধন ⓘ ঋণকত অর্থ

২০. ব্যবসায়ের স্থায়ী খরচ কোনটি? ★★★
ⓚ পণ্য ক্রয় ⓶ বিদ্যুৎ বিল
● রেফ্রিজারেটর ক্রয় ⓘ দোকান ভাড়া

২১. ব্যবসায়ের স্থায়ী সম্পদ অর্জনের ক্ষেত্রে সবচেয়ে সুবিধাজনক অর্থায়ন উৎস কোনটি? ★★★
ⓚ নিয়মিত আয় ⓶ স্বল্পমেয়াদি ঋণ
● দীর্ঘমেয়াদি ঋণ ⓘ নগদ তহবিল

২২. অর্থায়নের শ্রেণিবিভাগের মূল বিষয় কোনটি? ★★★
ⓚ সরকারি অর্থায়ন ⓶ পারিবারিক অর্থায়ন
ⓖ আন্তর্জাতিক অর্থায়ন ● কারবারি অর্থায়ন

২৩. নিয়মিত আয়ের সাথে সংগতি রেখে কোনটি নির্ধারণ করা হয়? ★★★
ⓚ মূলধন বাজেট ● নিয়মিত ব্যয়
ⓖ বাৎসরিক খরচ ⓘ পারিবারিক বাজেট

২৪. সরকারের অর্থায়নের জন্যে কোনটি থাকা দরকার? ★★★
● অর্থ ব্যবস্থাপনা ⓶ পরিকল্পনা ব্যবস্থাপনা
ⓖ রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা ⓘ উৎপাদন ব্যবস্থাপনা

২৫. কোন ধরনের প্রতিষ্ঠানের জন্য সরকারি অনুমোদন নেয়া বাধ্যতামূলক? ★★★
● যৌথ মূলধনী ⓶ একমালিকানা
ⓖ অংশীদারি ⓘ সমবায় সমিতি

২৬. কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থায়নে প্রক্রিয়া ভিন্ন হয়? ★★★
ⓚ একমালিকানা ব্যবসায় ⓶ অংশীদারি ব্যবসায়
ⓖ সমবায় ব্যবসায় ● যৌথ মূলধনী ব্যবসায়

২৭. কোন প্রতিষ্ঠানকে সরকারি অনুমোদন দেওয়ার আগে বিচার বিশ্লেষণের প্রয়োজন হয়? ★★★
ⓚ কোম্পানি সংগঠন ⓶ অংশীদারি
● যৌথ মূলধনী ⓘ একমালিকানা

২৮. যৌথ মূলধনী কোম্পানির ডিবেঞ্চার হোল্ডাররা আসলে কী? ★★★
ⓚ শেয়ার মালিক ⓶ শেয়ার বিক্রেতা

PANTHIS BOOKS

ⓖ ব্যবসায়ের অংশীদার ● ঋণপত্রের মালিক

২৯. **কোম্পানি বিনিয়োগকারীদের নিকট শেয়ার বিক্রি করে বিনিময়ে কী প্রদান করে?**

● ডিভিডেন্ড ⓚ বন্ড

ⓖ ডিবেঞ্চার ⓘ সুদ

৩০. **তহবিল সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলা হয়?**

[আইডিয়াল স্কুল এন্ড কলেজ] ★★★

ⓚ বিপণন ⓚ ব্যাংকিং

ⓖ ব্যবস্থাপনা ● অর্থায়ন

৩১. **মুনাফা বৃদ্ধির সাথে সাথে অর্থায়নে কোনটি বাড়ে?**

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ] ★★★

ⓚ আয় ⓚ ব্যয়

ⓖ বিক্রয় ● ঝুঁকি

৩২. **কোম্পানিসমূহ ডিবেঞ্চার হোল্ডারদের নির্দিষ্ট হারে কী প্রদান করে?** ★★★

ⓚ সম্পদ ● সুদ

ⓖ লভ্যাংশ ⓘ বন্ড

৩৩. **স্থায়ী ব্যয় নির্বাহ করতে কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করা হয়?** ★★★

ⓚ মধ্যমেয়াদি ● দীর্ঘমেয়াদি

ⓖ স্বল্পমেয়াদি ⓘ অনির্দিষ্ট মেয়াদি

৩৪. **কারবারের জন্য মেশিন ক্রয়ে কোনটি প্রয়োজন?** ★★★

ⓚ নগদ তহবিল ⓚ ব্যাংকে জমাকৃত অর্থ

ⓖ বিনিয়োগকৃত অর্থ ● দীর্ঘমেয়াদি ঋণ

৩৫. **চলতি মূলধনের উৎস কোনটি?** ★★★

ⓚ ব্যাংক ঋণ ● বিক্রয়লব্ধ অর্থ

ⓖ মালিকের মূলধন ⓘ দীর্ঘমেয়াদি ঋণ

৩৬. **চলতি ব্যয় নির্বাহের জন্য কোন ধরনের উৎস ব্যবহার করা হয়?** ★★★

● স্বল্পমেয়াদি ⓚ দীর্ঘমেয়াদি

ⓖ মধ্যমেয়াদি ⓘ অনিয়মিত আয়

৩৭. **আর্থিক ব্যবস্থাপক কয় ধরনের সিদ্ধান্ত নিয়ে কাজ করে?** ★★

● ২ ⓚ ৩

ⓖ ৪ ⓘ ৫

৩৮. **আয় সিদ্ধান্তের অপর নাম কী?** ★★★

ⓚ ব্যয় সিদ্ধান্ত ⓚ বিনিয়োগ সিদ্ধান্ত

ⓖ মুনাফা সিদ্ধান্ত ● অর্থায়ন সিদ্ধান্ত

৩৯. **সাধারণত শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে কারা?** ★★★

PARTHIB BOOKS

ⓚ ক্ষুদ্র কোম্পানি ⓧ মাঝারি কোম্পানি
● বৃহৎ কোম্পানি ⓖ অতি ক্ষুদ্র কোম্পানি

৪০. **তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে কী বলা হয়?** [রাজউক উত্তরা মডেল কলেজ] ★★
ⓚ ব্যয় সিদ্ধান্ত ⓧ বিনিয়োগ সিদ্ধান্ত
● আয় সিদ্ধান্ত ⓖ লভ্যাংশ সিদ্ধান্ত

৪১. **বিদ্যালয় কোন ধরনের প্রতিষ্ঠান?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ]
● সামাজিক প্রতিষ্ঠান ⓧ সাধারণ প্রতিষ্ঠান
ⓖ পারিবারিক প্রতিষ্ঠান ⓖ বিনোদনমূলক প্রতিষ্ঠান

৪২. **ব্যবসায়ের পণ্য যদি বৈচিত্র্যপূর্ণ হয় তাহলে–** [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ] ★★
ⓚ সব ধরনের ক্রেতা আকৃষ্ট করতে পারে
ⓧ ব্যাংক ঋণ বেশি পাবে
● ঝুঁকি বণ্টিত হয়ে যায়
ⓖ ঝুঁকি বেড়ে যায়

৪৩. **যৌথমূলধনী প্রতিষ্ঠানের মালিক কে?** [খুলনা জিলা স্কুল] ★★★
● শেয়ারহোল্ডার ⓧ ঋণপত্র ক্রেতা
ⓖ ডিবেঞ্চার হোল্ডার ⓖ বন্ড ক্রেতা

৪৪. **মুনাফা বৃদ্ধির জন্য বিনিয়োগ বেশি করা হলে কোনটি হয়?** [খুলনা জিলা স্কুল] ★★★
ⓚ তারল্য বৃদ্ধি ● তারল্য ঘাটতি
ⓖ তারল্য শূন্য ⓖ তারল্য উদ্বৃত্ত

৪৫. **একটি পরিবারের আয়ের উৎস কোনটি?** [ফরিদপুর জিলা স্কুল] ★★★
● চাকরি ⓧ গ্যাস বিল
ⓖ বিদ্যুৎ বিল ⓖ স্কুলের বিল

৪৬. **আমদানি ও রপ্তানি খাত নিয়ে যে অর্থায়ন আলোচনা করে তাকে কী বলা হয়?** [যশোর জিলা স্কুল] ★★★
ⓚ পারিবারিক অর্থায়ন ⓧ সরকারি অর্থায়ন
● আন্তর্জাতিক অর্থায়ন ⓖ ব্যবসায় অর্থায়ন

৪৭. **বেশি বিনিয়োগ করা হলে কী হয়?** [ফরিদপুর জিলা স্কুল] ★★★
● তারল্য ঘাটতি হয় ⓧ তারল্য ঘাটতি দূর হয়
ⓖ মুনাফা কমে যায় ⓖ মুনাফা বেড়ে যায়

৪৮. **আর্থিক ব্যবস্থাপকরা কয় ধরনের সিদ্ধান্ত নিয়ে কাজ করেন?** [যশোর জিলা স্কুল] ★★★
● দুই ধরনের ⓧ তিন ধরনের
ⓖ চার ধরনের ⓖ পাঁচ ধরনের

৪৯. **রাসায়নিক শিল্প প্রতিষ্ঠানগুলো কার অধীন?** [পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর] ★★
ⓚ BSTI ● BCIC
ⓖ WASA ⓖ UNDP

PATHAB BOOKS

৫০. **পাবলিক লি. কোম্পানির অর্থসংস্থানের মূল উৎস–** [পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর]

ⓚ ঋণপত্র বিক্রি ● শেয়ার বিক্রি

ⓖ সঞ্চিতি মুনাফা ⓨ অনুদান

৫১. **অর্থায়নের আয়ের সাথে কোনটির সংগতি থাকা বাঞ্ছনীয়?** [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, খুলনা] ★★★

ⓚ প্রয়োজনীয় মূলধন

ⓧ সংগ্রহীত ঋণের

● ব্যয়ের সঠিক সময়ের

ⓨ যথার্থ পরিকল্পনা

৫২. **সরকারি ব্যয়ের খাত নয় কোনটি?** [ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ রাস্তাঘাট ● আয়কর

ⓖ প্রতিরক্ষা ⓨ সরকারি হাসপাতাল

৫৩. **কোন দশকে অর্থায়নের ক্ষেত্রে গাণিতিক বিশ্লেষণ কাজে লাগানো হয়?** [ঝালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ ১৯৩০ ⓧ ১৯৪০

ⓖ ১৯৫০ ● ১৯৬০

৫৪. **কোন প্রবণতা যুক্তরাষ্ট্রে যথেষ্ট সফলতা পায়নি?** [কুমিল্লা জিলা স্কুল] ★★★

ⓚ পুনর্গঠন ● একত্রীকরণ

ⓖ বিবর্তন ⓨ বিনিয়োগ মূল্যায়ন

৫৫. **আয়ের সাথে কিসের সংগতি করা প্রয়োজন–**[যশোর জিলা স্কুল] ★★★

i. ব্যয়ের

ii. সঞ্চয়ের

iii. বিনিয়োগের

**নিচের কোনটি সঠিক?**

● i ⓧ i ও iii

ⓖ ii ও iii ⓨ i, ii ও iii

৫৬. **অর্থায়নের অন্তর্ভুক্ত কাজগুলো হলো–**[পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়, যশোর] ★★★

i. তহবিল সংগ্রহ

ii. তহবিল ব্যবস্থাপনা

iii. তহবিলের উৎকৃষ্ট ব্যবহার

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓧ i ও iii

ⓖ ii ও iii ● i, ii ও iii

৫৭. **অর্থায়ন ব্যবস্থার নীতিমালা–** [স. বো. ১৫[ ★★

PARTHIB BOOKS

i. তারল্য বনাম মুনাফা নীতি
ii. উপযুক্ততার নীতি
iii. কারবারে বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও :**

সিলভা লিঃ ১০ কোটি টাকার শেয়ার বিক্রি করে। শেয়ারের মূল্য ২০০ টাকা হওয়ায় সব শ্রেণির শেয়ার ক্রয় করতে পারে। [স. বো. ১৫]

৫৮. **সিলভা লিমিটেড কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?** ★★★

ⓚ সমবায় সংগঠন ⓚ অংশীদার সংগঠন
● পাবলিক কোম্পানি ⓖ প্রাইভেট কোম্পানি

৫৯. **সিলভা লিমিটেড কোম্পানির শেয়ারহোল্ডাররা পেতে পারে–** ★★★

ⓚ সুদ ⓚ কমিশন
ⓖ বোনাস ● লভ্যাংশ

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** পদ্মা সেতু বাংলাদেশের পদ্মা নদীর ওপর নির্মাণাধীন একটি বহুমুখী সেতু। এ সেতু চলাচলের উপযোগী হলে দক্ষিণ এবং পশ্চিমাঞ্চলের মানুষের ভাগ্য খুলে যাবে বলে প্রত্যাশা সবার। এ প্রকল্পের জন্য সর্বপ্রথম বিশ্বব্যাংক থেকে ঋণ নেওয়ার মাধ্যমে অর্থায়ন করার পরিকল্পনা করা হয়। পরবর্তীতে ২০১১ সালে বিশ্বব্যাংক অর্থায়ন বাতিল করলে সরকার নিজস্ব অর্থায়নে সেতু নির্মাণের সিদ্ধান্ত নেয়। মুক্ত বাজার অর্থনীতিতে টিকে থাকতে সরকার এ রকম প্রকল্পে অর্থায়ন করেন। [ঢাকা বোর্ড ২০২১] ★★★

ক. PPP এর পূর্ণরূপ লেখ।
খ. বিনিয়োগ সিদ্ধান্ত বলতে কী বোঝ?
গ. পদ্মা সেতু প্রকল্পের অর্থায়ন কোন ধরনের? ব্যাখ্যা কর।
ঘ. পদ্মা সেতুর মতো বৃহৎ প্রকল্পে অর্থায়নের গুরুত্ব আলোচনা কর।

**প্রশ্ন ২** জনাব রাজেশ একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি সব সময় নতুন ডিজাইনের পোশাক নিয়ে চিন্তাভাবনা করেন। বেশি মূলধনের প্রয়োজন হলে ক্রেতাদের কাছ হতে অগ্রিম টাকা গ্রহণ করেন। এতে তার মূলধনের ঘাটতি পূরণ হয় এবং ব্যবসায়িক কার্যক্রম সচল থাকে। [রাজশাহী বোর্ড ২০২১] ★★★

ক. ঋণপত্র কী?

PARTHIB BOOKS

খ. পণ্য বৈচিত্র্যায়ন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আলোকে জনাব রাজেশের সংগৃহীত তহবিল কোন ধরনের তহবিলের অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. কোন ধরনের তহবিল জনাব রাজেশের ব্যবসায় সচল রাখতে অধিক যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৩** জনাব শহীদুল একজন ব্যবসায়ী। নতুন বাড়ি নির্মাণের জন্য আত্মীয়- স্বজনের কাছ থেকে ২৫ লক্ষ ও বন্ধু-বান্ধব থেকে ১০ লক্ষ টাকা ধার করেন। কিন্তু তা দিয়ে বাড়ি নির্মাণের পর কিছু অর্থ ৮.৫% হারে ব্যাংকে জমা রাখেন। [চট্টগ্রাম বোর্ড ২০২১] ★★

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?

খ. তারল্য বনাম মুনাফা নীতিটি ব্যাখ্যা কর।

গ. জনাব শহীদুলের কাজকে কী বলা হবে? ব্যাখ্যা কর।

ঘ. জনাব শহীদুলের আর্থিক ব্যবস্থাপনা অর্থায়ন শ্রেণির আলোকে বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৪** জনাব আশরাফ তার পৈত্রিক জমি বিক্রয়লব্ধ অর্থ দিয়ে পাউরুটি, কেক, বিস্কুট ইত্যাদি বেকারি পণ্য উৎপাদন ও বিক্রয়ের ব্যবসায় শুরু করেন। তিনি তার প্রতিষ্ঠানের কাঁচামাল ক্রয়, শ্রমিকের মজুরি ইত্যাদি খরচ পণ্য বিক্রয়লব্ধ অর্থ দ্বারা নির্বাহের চেষ্টা করেন এবং খুব বেশি প্রয়োজন হলে স্বল্পমেয়াদি উৎস হতে তা সংগ্রহ করেন। [যশোর বোর্ড ২০২১] ★★★

ক. আয় সিদ্ধান্ত অন্য কী নামে পরিচিত?

খ. আন্তর্জাতিক অর্থায়নে রেমিটেন্সের ভূমিকা লেখ ।

গ. জনাব আশরাফের অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা কর।

ঘ. জনাব আশরাফের চলতি মূলধন ব্যবস্থাপনা কারবারি অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৫** ইমনের পরিবারের আয় যথেষ্ট না হওয়ায় বড় ভাই ও বন্ধুবান্ধবের কাছ থেকে ঋণ নিয়ে ঘাটতি পূরণ করে। দুবাই কর্মরত প্রবাসী মামুন তার উপার্জিত অর্থ সরকারি ব্যবস্থাপনায় দেশে প্রেরণ করে। [কুমিল্লা বোর্ড ২০২১] ★★★

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে?

খ. কারবারের ঝুঁকি বণ্টন হয় কোন নীতিতে? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে ঋণ নেওয়া কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা কর।

ঘ. মামুনের পাঠানো অর্থ বাংলাদেশের প্রেক্ষাপটে কী ভূমিকা রাখবে? মতামত দাও।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৬** জনাব পিয়াল 'মায়ের দোয়া' নামে একটি আবাসিক হোটেলের মালিক। তিনি পথকলি নামে একটি সংগঠনে প্রায়ই অর্থ সাহায্য করেন। সেখানে অনেক এতিম শিশুদের থাকা, খাওয়া, শিক্ষা ইত্যাদির ব্যবস্থা করা হয়। [বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২১] ★★★

ক. IDB এর পুরো অর্থ কী?

খ. ব্যবসায়িক ঝুঁকি কী? ব্যাখ্যা কর।

গ. পথকলি সংগঠনের অর্থায়নের ধরনটি ব্যাখ্যা কর।

ঘ. "পথকলি ও মায়ের দোয়া প্রতিষ্ঠান দুটির অর্থায়নের মূল উদ্দেশ্য এক নয়"- মূল্যায়ন কর।

**প্রশ্ন ৭** রাফি ও শাফি দুইভাই এবং দুইজনই স্বনামধন্য প্রতিষ্ঠানে চাকরি করেন। রাফির প্রতিষ্ঠান মুনাফা অর্জনের উদ্দেশ্যেই বিভিন্ন ধরনের কাপড় তৈরি ও রপ্তানি করে। শাফির প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের খাদ্যজাত যেমন : চিপস, চানাচুর, বিস্কুট, কেক ইত্যাদি তৈরি করে। শাফি উক্ত প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। সম্প্রতি শাফি প্রতিষ্ঠানটির প্রধান উৎপাদন ব্যবস্থাপক মি. আমিনকে খাদ্যসামগ্রী তৈরির পাশাপাশি বাচ্চাদের খেলনা তৈরির প্রস্তাব দেন। অন্যদিকে রাফির প্রতিষ্ঠান ৫ লক্ষ টাকার মেশিন ক্রয়ের জন্য ABC ব্যাংক হতে ৫ বছরের পরিশোধ শর্তে ঋণ নেন। [ময়মনসিংহ বোর্ড ২০২১] ★★★

ক. চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী?

খ. পদ্মা সেতু নির্মাণে 'কেন ব্যবহার' সরকারের কোন ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের জনাব রাফির ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন ধরনের
অর্থায়নের সাথে জড়িত? বর্ণনা কর।

ঘ. উদ্দীপকের পরিস্থিতিতে 'রাফি ও শাফির ব্যবসায়িক কার্যক্রমে অর্থায়নের নীতি অনুসৃত হয়েছে'— মূল্যায়ন কর।

**প্রশ্ন ৮** ওয়াসফিয়া কোং লি. একটি বিখ্যাত ওষুধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। জনগণের নিকট শেয়ার বিক্রি করে ২০,০০,০০০ টাকা মূলধন নিয়ে প্রতিষ্ঠানটি তার কার্যক্রম শুরু করে। ভবিষ্যতে ঔষধের মূল্য হ্রাস পাওয়ার আশঙ্কা আছে বিধায় প্রতিষ্ঠানটি ঔষধ শিল্পের পাশাপাশি ভোগ্যপণ্য, টেক্সটাইল এবং স্টিল ইত্যাদি ক্ষেত্রে মূলধন বিনিয়োগ করে। প্রতিষ্ঠানটি দৈনিক বিক্রয়লব্ধ অর্থ বেশি লাভের আশায় সমতা ব্যাংকে ১৪% সুদের হারে জমা রাখে। ফলে কাঁচামাল ক্রয়, শ্রমিকের মজুরি এবং বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে হিমশিম খেতে হয়। [ঢাকা বোর্ড ২০২০] ★★★

ক. চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী?

PARTHIB BOOKS

খ. প্রতিযোগিতামূলক মুক্তবাজারে প্রতিষ্ঠানকে কেন পরিকল্পনামাফিক অর্থায়ন করতে হয়? ব্যাখ্যা কর।

গ. ওয়াসফিয়া কোং লি. কোন শ্রেণির অর্থায়ন করেছে? ব্যাখ্যা কর।

ঘ. অর্থায়নের নীতিমালার আলোকে ওয়াসফিয়া কোং লি. এর কার্যক্রমের যৌক্তিকতা মূল্যায়ন কর।

**প্রশ্ন ৮** মি. শাহেদ একজন ক্ষুদ্র ব্যবসায়ী। নতুন বাড়ি নির্মাণের জন্য তিনি আত্মীয়স্বজন ও বন্ধুবান্ধব থেকে কিছু অর্থ ধার করেন। কিন্তু তা দিয়ে বাড়ি নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তাই তিনি অবশিষ্ট প্রয়োজনীয় অর্থ ৮.৫% হারে একটি ব্যাংক থেকে ঋণ নেন। [সকল বোর্ড ২০১৮] ★★★

ক. PPP-এর পূর্ণরূপ লিখ।

খ. তারল্য বনাম মুনাফা নীতিটি ব্যাখ্যা কর।

গ. মি. শাহেদ কোন ধরনের অর্থায়ন করেছেন? ব্যাখ্যা কর।

ঘ. বাড়ি নির্মাণে মি. শাহেদের ব্যাংক থেকে ঋণ গ্রহণ কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও।

**প্রশ্ন ৯** রাহিম সাহেব একটি আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের মেশিন ক্রয়ে বিক্রয়লব্ধ অর্থ ব্যয় করা ছাড়াও বিভিন্ন স্থায়ী সম্পত্তি ক্রয়ে ব্যয় করেন। ফলে অল্প কিছু দিনের মধ্যে আর্থিক সংকটে পড়ে কাঁচামাল ক্রয়, মজুরি ও ভাড়া প্রদানে ব্যর্থ হয়। অর্থের সংকট মোকাবিলায় পরিকল্পনামাফিক ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থায়ন করলে ঝুঁকি হ্রাস পায় এবং মুনাফা বৃদ্ধি পায়। [সিলেট বোর্ড ২০২১] ★★★

ক. বিনিয়োগ সিদ্ধান্ত কী?

খ. অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়নের উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর।

গ. কোন নীতি বাস্তবায়ন না করার ফলে উদ্দীপকের প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়ে? ব্যাখ্যা কর।

ঘ. রাহিম সাহেবের ব্যবসা প্রতিষ্ঠানে অর্থায়নের গুরুত্ব কতটুকু তা যৌক্তিক বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১০** জনাব সোহেল ও রুবেল দুইজন রড-সিমেন্ট ব্যবসায়ী। জনাব সোহেল। ব্যবসায়ের বিগত বছরের আয় ব্যবহার করে রড-সিমেন্টের পাশাপাশি ঢেউটিন ও সিমেন্ট সিটের ব্যবসায় শুরু করেন। অপরদিকে, জনাব রুবেলের ব্যবস্থাপনা বিষয়ক জ্ঞান ও উপযুক্ত আর্থিক পরিকল্পনার অভাবে তিনি তার ব্যবসায়ের অর্জিত মুনাফার

PARTHIB BOOKS

সবটুকু প্রতিষ্ঠানে পুনঃবিনিয়োগ না করে পরিবারের ভোগ-বিলাসী পণ্যদ্রব্য ক্রয়ের জন্য খরচ করেন। [রাজশাহী বোর্ড ২০১৯] ★★★

ক. বিনিয়োগ সিদ্ধান্ত কী?

খ. কোন ধরনের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যক্তিগত সম্পত্তি দ্বারা দায় পরিশোধ করতে হয়? ব্যাখ্যা কর।

গ. জনাব সোহেলের ব্যবসায়ে অর্থায়নের কোন নীতি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. জনাব রুবেলের ব্যবসায়িক কার্যক্রমের আলোকে কারবারি অর্থায়নের গুরুত্ব বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১১** কক্সবাজারের 'বন্ধন' হোটেলের মুনাফা বাবদ ১ কোটি টাকা বিনিয়োগ হয় । ১ম বছরে শ্রমিক মজুরি, কাঁচামাল ক্রয় ও অন্যান্য ব্যয় বাবদ ৪০% খরচ করে, এতে ২ কোটি টাকা মুনাফা হয়। ২য় বছরে কাঁচামাল ক্রয়ে ১০% ব্যয় বাড়ানোর ফলে মুনাফা ৩ কোটি টাকা হয়।[ঢাকা বোর্ড ২০২১] ★★★

ক. অর্থায়ন কাকে বলে?

খ. উপযুক্ততার নীতি বলতে কী বোঝ?

গ. 'বন্ধন' হোটেলের ব্যয় বৃদ্ধি কোন মূলধনের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের মুনাফা বৃদ্ধির বিষয়টি অর্থায়ন নীতির আলোকে বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১২** মি. হানিফ ও তার দুইজন বন্ধু একত্রে একটি ব্যবসায় পরিচালনা করেন। তাদের ব্যবসায়ে অর্থ সংকট দেখা দিলে তারা নিজ তহবিল ও ব্যাংক হতে ঋণ নিয়ে ব্যবসায় পরিচালনা করেন। কিন্তু মূলধনের সঠিক ব্যবহার না করার ফলে ব্যবসায়টি তেমন লাভজনক হচ্ছে না এবং ঋণের সুদ পরিশোধ করতেও সমস্যা দেখা দিচ্ছে। [রাজশাহী বোর্ড ২০২১] ★★★

ক. কোন ধরনের অর্থায়ন সাধারণত অলাভজনক হয়?

খ. উপযুক্ততার নীতি বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি কোন ধরনের অর্থায়ন? ব্যাখ্যা কর।

ঘ. মি. হানিফ ও তার বন্ধুরা কোন নীতিটি অনুসরণ করলে সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনা করতে পারতেন বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর।

**প্রশ্ন ১৩** ঢাকার মিরপুরের জনাব হাবিবের একটি ফটোকপির দোকান আছে। কিছুদিন পর তিনি ফটোকপির পাশাপাশি মোবাইল রিচার্জের ব্যবসায় শুরু করেন। অধিক আয়ের আশায় তিনি ব্যাংক থেকে ৬ বছর মেয়াদি ঋণ নিয়ে কম্পিউটার ক্রয় করে কম্পোজ এবং প্রিন্টিং ব্যবসায় চালু করার সিদ্ধান্ত নেন। [যশোর বোর্ড ২০২১]

PARTHIB BOOKS

ক. আন্তর্জাতিক অর্থায়নে কোন খাতগুলো নিয়ে বিচার-বিশ্লেষণ করা হয়?

খ. অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন ব্যাখ্যা কর।

গ. জনাব হাবিবের কম্পিউটার ক্রয়ের জন্য গৃহীত ঋণ অর্থায়নের কোন নীতির অন্তর্গত? বর্ণনা কর।

ঘ. একই সাথে একাধিক পণ্যের ব্যবসায় জনাব হাবিবের ঝুঁকি হ্রাসে সহায়তা করবে- মতামত দাও।

**প্রশ্ন ১৪** প্রকাশ বাবুর যাবতীয় মনিহারি দ্রব্যসামগ্রী বিক্রয়ের একটি প্রতিষ্ঠান আছে। ক্রেতাদের চাহিদার কথা বিবেচনা করে ব্যবসায়ের পরিধি বাড়ানোর জন্য স্কুল, কলেজের বই এবং জনপ্রিয় লেখকদের গল্প ও উপন্যাস বই বিক্রি শুরু করেন। ব্যবসায়ের পরিধি বাড়াতে তার প্রচুর অর্থের প্রয়োজন হয়। নিজস্ব তহবিল, আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবদের কাছ থেকে অর্থ ধার করেন। তা সত্ত্বেও অর্থের চাহিদা মিটাতে না পারায় ব্যাংক থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্ত নিলেন। [সিলেট বোর্ড ২০২১] ★★★

ক. বাণিজ্য ঘাটতি কী?

খ. ব্যবসায় অর্থায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. প্রকাশ বাবুর ব্যবসায়ে কারবারি অর্থায়নে কোন নীতিটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর।

ঘ. ব্যবসায় সম্প্রসারণে প্রকাশ বাবুর ব্যাংক থেকে ঋণ নেওয়া কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও।

**প্রশ্ন ১৫** জনাব 'X' একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ের সফলতার জন্য বিভি ধরনের খরচ, কাঁচামাল ক্রয়, মজুরি প্রদান ইত্যাদি নিয়মিতভাবে সম্পাদন করতে হয়। তিনি ব্যবসায় সম্প্রসারণ ও স্থায়ী সম্পদ ক্রয়ের জন্য বড় আকারের ঋণ গ্রহণ করার চিন্তা করছেন। [কুমিল্লা বোর্ড ২০২১] ★★★

ক. IDB এর পূর্ণরূপ কী?

খ. সরকারের অর্থ ব্যবস্থাপনা বলতে কী বোঝ?

গ. জনাব 'X' এর অর্থায়ন নীতিটি ব্যাখ্যা কর।

ঘ. জনাব 'X' এর ঋণ গ্রহণ করার চিন্তা আর্থিক ব্যবস্থাপকের কার্যাবলির কোন ধরনের সিদ্ধান্ত? তোমার মতামত দাও।

**প্রশ্ন ১৬** জনাব রেশাদের ছেলে রোহান এমবিএ শেষ করে বিভিন্ন ধরনের গ্লাস ও সিরামিক তৈরির কারখানা স্থাপন করেন। তিনি আধুনিক পদ্ধতি ও প্রযুক্তি ব্যবহার করে মানসম্মত পণ্য তৈরি করেন। সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে 'জননী ব্যাংক' থেকে ৯% সুদে ১০ বছরের জন্য ঋণ নেন। তার প্রতিষ্ঠানে বর্তমানে প্রচুর শ্রমিক কাজ

PARTHIB BOOKS

করে। চলতি বছরের বিক্রয়কৃত অর্থ সিটি ব্যাংকের বন্ডে বিনিয়োগ করায় গ্লাস ও সিরামিক তৈরির উপাদান বালির দাম তুলনামূলক সস্তা হওয়া সত্ত্বেও মি. রোহান প্রয়োজনীয় মজুদ সংরক্ষণে ব্যর্থ হন।[ময়মনসিংহ বোর্ড ২০২১] ★★★

ক. বাণিজ্য ঘাটতি কী?

খ. 'প্রাণ' কোম্পানির অর্থায়ন প্রক্রিয়া কি 'চা' এর দোকানের অর্থায়ন প্রক্রিয়ার মতো? ব্যাখ্যা কর।

গ. ব্যবসায় সম্প্রসারণের জন্য ঋণ গ্রহণ' মি. রোহানের কোন ধরনের অর্থায়ন কার্যাবলির অন্তর্গত? ব্যাখ্যা কর।

ঘ. মি. রোহানের ব্যবসায়ে কোন নীতি লঙ্ঘিত হয়েছে বলে মনে কর? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১৭** জনাব সুজন কুয়েতে চাকরি করেন। তিনি প্রতি মাসে তার বেতনের টাকা বাংলাদেশে স্ত্রীর নিকট পাঠান। স্ত্রী উক্ত টাকা দিয়ে গ্রামে বিশাল একটি খামার পরিচালনার কাজ শুরু করেন। তিনি উক্ত খামারে হাঁস- মুরগি, গবাদি পশু পালন করেন। অপরদিকে, জনাব সুমন একটি ফাস্টফুডের ব্যবসায় পরিচালনা করেন। তিনি ব্যবসায়ের একটি ফ্রিজ ক্রয় করেন। ফ্রিজটি কেনার পূর্বে তিনি ভবিষ্যতে বিক্রয় বৃদ্ধির পরিমাণ ও ফ্রিজের খরচ তুলনামূলক বিশ্লেষণ করেন। এছাড়া তিনি দৈনিক বিক্রয়লব্ধ অর্থ থেকে প্রতিদিনের বিভিন্ন খরচ নির্বাহ করেন। [সিলেট বোর্ড ২০১৯] ★★★

ক. IDB এর পূর্ণরূপ লেখ।

খ. ব্যাংক থেকে ৫ বছর মেয়াদি ঋণ নিয়ে কর্মচারীর বেতন পরিশোধ করলে কারবারি অর্থায়নের নীতি লঙ্ঘিত হয় কেন? ব্যাখ্যা কর।

গ. জনাব সুজনের স্ত্রীর ক্ষেত্রে অর্থায়নের ধরন ব্যাখ্যা কর।

ঘ. আর্থিক ব্যবস্থাপক হিসেবে জনাব সুমনের কার্যাবলি মূল্যায়ন কর।

## জ্ঞানমূলক

১। বাণিজ্য ঘাটতি কী? [সি. বো. ২১, ম. বো. ২১] ★★★

উত্তর : রপ্তানি বাণিজ্য অপেক্ষা আমদানি বাণিজ্য বেশি হওয়াকে বাণিজ্য ঘাটতি বলে।

২। IDB-এর পূর্ণরূপ কী? [কু. বো. ২১, সি. বো. ১৯, ব. বো. ২১; দি. বো. ২১] ★★★

উত্তর : IDB এর পূর্ণরূপ হলো- Islamic Development Bank.

৩। অর্থায়ন কাকে বলে? [ঢা. বো. ২১] ★★★

উত্তর : তহবিল সংগ্রহ ও ব্যবহারসংক্রান্ত প্রক্রিয়াকে অর্থায়ন বলে।

৪। ব্যবসায়ের মূল চালিকাশক্তি কী? [ম. বো. ২০] ★★★

PATHIB BOOKS

উত্তর : ব্যবসায়ের মূল চালিকাশক্তি হলো অর্থায়ন।

৫। কোন ধরনের অর্থায়ন সাধারণত অলাভজনক হয়? [রা. বো. ২১] ★★★

উত্তর : সরকারি অর্থায়ন সাধারণত অলাভজনক হয়।

৬। সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? [চ. বো. ২১; সকল বোর্ড ১৭] ★★★

উত্তর : সরকারি অর্থায়নের মূল লক্ষ্য সমাজকল্যাণ।

৭। আন্তর্জাতিক অর্থায়নে কোন খাতগুলো নিয়ে বিচার-বিশ্লেষণ করা হয়? [য. বো. ২১]

উত্তর : আন্তর্জাতিক অর্থায়নে আমদানি ও রপ্তানি খাতগুলো নিয়ে বিচার-বিশ্লেষণ করা হয়।

৮। একটি সফল বিনিয়োগ প্রত্যক্ষভাবে কী বৃদ্ধিতে সহায়তা করে? [চ. বো. ১৯; ব. বো. ২১; দি. বো. ২১] ★★★

উত্তর : একটি সফল বিনিয়োগ প্রত্যক্ষভাবে জাতীয় আয় বৃদ্ধিতে সহায়তা করে।

৯। অর্থায়ন কোন ধরনের প্রক্রিয়া? [ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

উত্তর : অর্থায়ন হলো তহবিল সংগ্রহ ও ব্যবহারসংক্রান্ত প্রক্রিয়া।

১০। PPP এর পূর্ণরূপ লিখ। [সকল বোর্ড ১৮] ★★★

উত্তর : PPP এর পূর্ণরূপ হলো Public Private Partnership.

১১। তারল্য কী? [ম. বা. ২০] ★★★

উত্তর : স্বল্পমেয়াদি দায় পরিশোধের ক্ষমতাকে তারল্য বলে।

১২। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন কোনটি? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর] ★★★

উত্তর : অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হলো ব্যবসায় অর্থায়ন।

১৩। ব্যবসায় অর্থায়ন কী? ★★★

উত্তর : মুনাফা অর্জনের উদ্দেশ্যে লাভ-ক্ষতির ঝুঁকি নিয়ে গঠিত ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে তাকে ব্যবসায় অর্থায়ন বলে।

১৪। পারিবারিক অর্থায়ন কী? ★★★

উত্তর : পরিবারের সুষ্ঠু পরিচালনার জন্য পরিকল্পনামাফিক তহবিলের উৎস নির্ধারণ ও ব্যবস্থাপনা প্রক্রিয়াকে পারিবারিক অর্থায়ন বলে।

১৫। বিদ্যালয় কোন ধরনের প্রতিষ্ঠান? ★★★

উত্তর : বিদ্যালয় একটি সামাজিক বা অমুনাফাভোগী প্রতিষ্ঠান।

১৬। আয় সিদ্ধান্তের অপর নাম কী? [সকল বোর্ড ১৬] ★★★

PARTHIB BOOKS

উত্তর : আয় সিদ্ধান্তের অপর নাম অর্থায়ন সিদ্ধান্ত।

১৭। রেমিটেন্স কী? [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা] ★★★

উত্তর : বিদেশে কর্মরত ব্যক্তি কর্তৃক নিজ দেশে অর্থ প্রেরণকে রেমিটেন্স বলে।

১৮। অর্থায়ন কী নিয়ে কাজ করে? [ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম] ★★

উত্তর : অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে।

১৯। আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয় কখন থেকে? [য. বো. ২০] ★★★

উত্তর : ১৯৬০ এর দশক থেকেই আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয়।

২০। অর্থায়ন বিকাশের মূল চারণভূমি কোথায়?[য. বো. ১৯] ★★★

উত্তর : অর্থায়ন বিকাশের মূল চারণভূমি হলো যুক্তরাষ্ট্রে।

২১। ব্যবসায়ের ব্যর্থতার দায় কাকে নিতে হয়? [চ. বো. ১৯] ★★★

উত্তর : ব্যবসায়ের ব্যর্থতার দায় আর্থিক ব্যবস্থাপককে নিতে হয়।

২২। চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী? [ঢা. বো. ২০; ম. বো. ২১] ★★★

উত্তর : কী পরিমাণ কাঁচামাল ক্রয় বা প্রতিষ্ঠানের জন্য উপযোগী এবং সেই অর্থ কোথা থেকে সংগ্রহ করা যাবে- এ সংক্রান্ত সিদ্ধান্তকে চলতি বিনিয়োগ সিদ্ধান্ত বলে।

২৩। ব্যয় সিদ্ধান্তের অপর নাম কী? [কু. বো. ২০] ★★★

উত্তর : ব্যয় সিদ্ধান্তের অপর নাম হলো বিনিয়োগ সিদ্ধান্ত।

২৪। বিনিয়োগ সিদ্ধান্ত কী? [রা. বো. ১৯; সি. বো. ২১] ★★★

উত্তর : স্থায়ী সম্পত্তি ক্রয়সংক্রান্ত সিদ্ধান্তকে বিনিয়োগ সিদ্ধান্ত বলে।

## অনুধাবনমূলক

১. আর্থিক পরিকল্পনা ও ব্যবস্থাপনা ব্যবসায়ীদের কীভাবে সাহায্য করে? ★★★

২. বিজনেস ফাইন্যান্সকে অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন বলা হয় কেন? ★★★

৩. অর্থায়নকে ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয় কেন? ★★★

৪. স্টক এক্সচেঞ্জে কোন ধরনের কাজ সম্পাদিত হয়? ★★★

৫. অর্থায়ন বিষয়ক জ্ঞান কীভাবে জাতীয় আয় বৃদ্ধিতে সহায়তা করে? ★★★

৬. বাংলাদেশের প্রেক্ষাপটে অর্থায়ন কেন অধিক গুরুত্বপূর্ণ? ★★

৭. ব্যবসায় মূলধন সংকট কীভাবে দূর করা যায়? ★★★

PARTHIB BOOKS

# অধ্যায় ২

# অর্থায়নের উৎস

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **অর্থায়নে প্রতিটি সিদ্ধান্ত কীসের ভিত্তিতে হয়?** [কুমিল্লা বোর্ড ২০১৯] ★★
ⓚ অর্থায়ন ● অর্থের সময়মূল্য
ⓖ অর্থের চাহিদামূল্য ⓖ অর্থের পরিবর্তিত মূল্য

১. **বাণিজ্যিকপত্র অর্থায়নের কোন জাতীয় উৎস?** [সকল. বো. ২০১৫] ★★★
● স্বল্পমেয়াদি ⓚ মধ্যমেয়াদি
ⓖ দীর্ঘমেয়াদি ⓖ অভ্যন্তরীণ

২. **দীর্ঘমেয়াদি অর্থায়নের অভিনব পদ্ধতি কী?** [সকল. বো. ২০১৮] ★★★
ⓚ ঋণ ● লিজিং
ⓖ ঋণপত্র ⓖ বন্ড

৩. **একমালিকানা কারবারের অভ্যন্তরীণ তহবিলের উৎস কী?** [ব্লু–বার্ড এন্ড কলেজ, সিলেট]
ⓚ ব্যাংক ঋণ ⓚ দীর্ঘমেয়াদি ঋণ
ⓖ শেয়ার বিক্রয় ● মালিকের নিজস্ব অর্থ

৪. **মালিকের অভ্যন্তরীণ তহবিলের উৎস কোনটি?** [উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল] ★★
● শেয়ার ⓚ লিজিং
ⓖ ঋণ ⓖ ঋণপত্র

৫. **পাবলিক লিমিটেড কোম্পানির তহবিল সংগ্রহের গুরুত্বপূর্ণ উৎস কী?** [বরিশাল জিলা স্কুল]
ⓚ বন্ড বিক্রয় ⓚ শেয়ার ক্রয়
ⓖ ডিবেঞ্চার ক্রয় ● শেয়ার বিক্রয়

৬. **ভবিষ্যতে কোনো আর্থিক বিপর্যয় মোকাবিলার জন্য কোন ধরনের তহবিল সৃষ্টি করা হয়?** [মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা] ★★★
ⓚ ভবিষ্যৎ তহবিল ● সঞ্চিতি তহবিল
ⓖ নগদ তহবিল ⓖ ব্যাংক তহবিল

৭. **তহবিল সংগ্রহ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রক্রিয়াকে কী বলে?** [বরিশাল জিলা স্কুল] ★★★
ⓚ ব্যবস্থাপনা ⓚ পরিচালনা
ⓖ সমন্বয়সাধন ● অর্থায়ন

৮. **কোন উৎস হতে অর্থায়নের সুদের হার সবচেয়ে বেশি?** [ইকবাল নগর সরকারি বালিকা বিদ্যায়, যশোর] ★★★
ⓚ স্বল্পমেয়াদি ⓚ মধ্যমেয়াদি

PARTHIB BOOKS

● দীর্ঘমেয়াদি ⓖ অভ্যন্তরীণ

৯. **কোনটি স্বল্পমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
● প্রদেয় বিল ⓚ বাণিজ্যিক পত্র
ⓖ ঋণপত্র ⓖ মজুদমাল বন্ধকিকরণ

১০. **কাঁচামাল ক্রয়ের জন্য কোন ধরনের সুযোগ ব্যবহার উচিত?** [মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা] ★★★
● বাকিতে ক্রয় ⓚ নগদে ক্রয়
ⓖ দেশীয় পণ্য ক্রয় ⓖ বাকিতে বিক্রয়

১১. **পণ্য ক্রেতার দৃষ্টিতে বিনিময় বিলকে কী বলে?** [ন্যাশনাল আইডিয়াল স্কুল, খিলগাঁও, ঢাকা]
● প্রদেয় বিল ⓚ প্রদেয় হিসাব
ⓖ প্রাপ্য বিল ⓖ প্রাপ্য হিসাব

১২. **তহবিল সংগ্রহ, এর ব্যবস্থাপনা ও বণ্টনকে কী বলে?** ★★★
ⓚ ব্যবসায় ⓚ বাণিজ্য
ⓖ ব্যাংকিং ● অর্থায়ন

১৩. **কোনটির জন্য শেয়ার বিক্রয় করে তহবিল সংগ্রহ করা উচিত?** ★★★
● স্থায়ী মূলধন ⓚ চলতি মূলধন
ⓖ স্থায়ী খরচ ⓖ চলতি খরচ

১৪. **কাঁচামাল ক্রয়ের জন্য কোন ধরনের সুযোগ ব্যবহার করা উচিত?** ★★★
● বাকিতে ক্রয় ⓚ নগদ ক্রয়
ⓖ দেশীয় পণ্য ক্রয় ⓖ বাকিতে বিক্রয়

১৫. **তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কোনটি?** ★★★
● মুনাফা অর্জন ⓚ সম্পদ বৃদ্ধিকরণ
ⓖ কারবার সম্প্রসারণ ⓖ সঞ্চয় বৃদ্ধিকরণ

১৬. **মুনাফার পরিমাণকে সর্বোচ্চকরণে কোনটি ন্যূনতম হওয়া অত্যাবশ্যক?** ★★★
ⓚ তহবিল বণ্টন ব্যয় ⓚ সম্পদ ব্যয়
ⓖ প্রাথমিক খরচ ● তহবিল উৎসের খরচ

১৭. **মুনাফার পরিমাণকে সর্বোচ্চকরণে তহবিলের খরচ কিরূপ হওয়া আবশ্যক?** ★★
ⓚ সর্বোচ্চ ● ন্যূনতম
ⓖ দীর্ঘমেয়াদি ⓖ স্বল্পমেয়াদি

১৮. **কোন প্রতিষ্ঠানের মোট ব্যয়ের চেয়ে আয়ের পরিমাণ বেশি হলে কী বুঝায়?** ★★
● মোট মুনাফা ⓚ নিট মুনাফা
ⓖ মোট ক্ষতি ⓖ নিট ক্ষতি

১৯. **মোট মুনাফা থেকে তহবিল বাবদ ব্যয় বাদ দিলে কী পাওয়া যায়?** [মোহাম্মদপুর গভ. বয়েজ স্কুল, ঢাকা] ★★★

PARTHIB BOOKS

ⓚ মোট মুনাফা ● নিট মুনাফা
ⓖ মোট ক্ষতি ⓘ নিট ক্ষতি

২০. **অর্থায়নের মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎস কোনটি?** [মতিঝিল মডেল হাইস্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★
ⓚ ক্ষুদ্র ঋণ ⓛ ঋণপত্র
● অবণ্টিত মুনাফা ⓘ লিজিং

২১. **কোম্পানির শেয়ারহোল্ডাররা কোম্পানি থেকে সাধারণত নিয়মিতভাবে কী পেয়ে থাকেন?** [উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল] ★★★
ⓚ সুদ ⓛ ঋণ
● লভ্যাংশ ⓘ বেতন

২২. **লভ্যাংশ প্রদানের সাথে কোম্পানির কী জড়িত থাকে?** [কুমিল্লা জিলা স্কুল] ★★★
ⓚ স্বার্থ ⓛ অক্ষমতা
ⓖ বিধিবিধান ● সুনাম

২৩. **অভ্যন্তরীণ তহবিলের উৎস কয় প্রকার?** [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বিইউএসএমএস, পার্বতীপুর, দিনাজপুর] ★★★
● দুই ⓛ তিন
ⓖ চার ⓘ পাঁচ

২৪. **বাহ্যিক অর্থসংস্থানের জনপ্রিয় উৎস কোনটি?** [কুমিল্লা মডার্ন হাই স্কুল] ★★★
ⓚ ব্যাংক জমাতিরিক্ত ● ব্যাংক ঋণ
ⓖ ধার ⓘ বাকিতে ক্রয়

২৫. **ব্যবসায় প্রতিষ্ঠানগুলো বিভিন্ন উৎস থেকে অর্থায়ন করে কারণ–** [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা] ★★★
i. ব্যবসায়ের ধরনের ভিন্নতা
ii. ব্যবসায়ের উদ্দেশ্যের ভিন্নতার
iii. ব্যবসায়ের সুনামের অভাব
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২৬. **দীর্ঘমেয়াদি ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংক বিচার বিশ্লেষণ করে–** [লায়ন্স স্কুল এন্ড কলেজ, রংপুর] ★★★
i. প্রতিষ্ঠানের সুনাম
ii. প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদের পরিমাণ
iii. প্রতিষ্ঠানের অতীত ঋণ গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii

PARTHIB BOOKS

ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নের উত্তর দাও :**

জনাব রাশেদ তার সঞ্চয়কৃত অর্থ দ্বারা ব্যবসায় পরিচালনা করেন। ব্যবসায় সম্প্রসারণের জন্য তিনি অপেক্ষাকৃত বড় অঙ্কের অর্থের যোগান দেওয়ার চেষ্টা করছেন। [বি এ এফ শাহীন কলেজ, যশোর]

২৭. **জনাব রাশেদের ব্যবসায়টি কী ধরনের ব্যবসায়?** ★★★

● একমালিকানা ⓖ অংশীদারি

ⓖ কোম্পানি ⓘ সমবায়

২৮. **জনাব রাশেদ তার ব্যবসায় পরিচালনার জন্য কোন মূলধন ব্যবহার করেন?** ★★★

ⓚ চলতি মূলধন ⓚ স্থায়ী মূলধন

● নিজস্ব অর্থ ⓘ ঋণ

২৯. **তার ব্যবসায় সম্প্রসারণের জন্য কী মেয়াদের অর্থায়নের প্রয়োজন?** ★★★

ⓚ স্বল্পমেয়াদি ⓚ মধ্যমেয়াদি

● দীর্ঘমেয়াদি ⓘ ঋণ

**নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নের উত্তর দাও :**

পান্না বেকারির মালিক ক্রেতাদের নিকট থেকে বেশ কিছু বিল পান। টাকার প্রয়োজনে তিনি বিলগুলো বাট্টাকরণ করেন।

৩০. **পান্না বেকারির নিকট বিলগুলো–** [স.বো. ১৫] ★★★

ⓚ প্রদত্ত বিল ● প্রাপ্য বিল

ⓖ প্রদেয় বিল ⓘ প্রাপ্ত বিল

# সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** রকিবুল চৌগাছার হাজীপুর গ্রামের একজন মুদি দোকানদার। ব্যবসায়িক লেনদেনে সততার পরিচয় দিয়ে তিনি সকলের আস্থা ও বিশ্বাস অর্জন করতে সক্ষম হয়েছেন। তিনি তার দোকানের প্রয়োজনীয় দ্রব্যাদি গঞ্জের বাজারের বেশ কয়েকজন মহাজনের নিকট থেকে সংগ্রহ করেন। ব্যবসায় সম্প্রসারণ করতে গিয়ে রকিবুল অর্থ সংকটে পড়লে মহাজনরা তাকে বাকিতে মাল সরবরাহ করে সহায়তা করেন। মাল বিক্রি করে রফিবুল মহাজনদের পাওনা টাকা পরিশোধ করেন। ★★★

ক. তহবিলের কোন উৎসগুলো শুধু কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য?

খ. বহিস্থ তহবিলের একটি অসুবিধা ব্যাখ্যা কর।

গ. মহাজনদের নিকট থেকে বাকিতে মাল ক্রয় করে রকিবুল ব্যবসায়ে কোন ধরনের অর্থায়ন করেছেন? বর্ণনা কর।

ঘ. মহাজনদের প্রদত্ত সুবিধা রকিবুলের ব্যবসায়ের জন্য কতটা মঙ্গলজনক তা মূল্যায়ন কর।

PARTHIB BOOKS

**প্রশ্ন ২** পরাগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিবিএ চতুর্থ বর্ষের ছাত্র। পড়াশোনার পাশাপাশি ব্যবসায়িক কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত করতে তিনি পদ্মা মিনারেল ওয়াটার কোম্পানির শেয়ার ক্রয়ের জন্য আবেদন করেন। লটারির মাধ্যমে আবেদনকারীদের মধ্যে শেয়ার বণ্টন করা হলে তিনি মোট ১,০০০ শেয়ার পান। লভ্যাংশ প্রাপ্তির আশায় তিনি শেয়ারগুলো বিক্রি না করে রেখে দেন। কিন্তু অর্থ বছর শেষে কোম্পানি কোনো লভ্যাংশ ঘোষণা না করায় সে খুব হতাশ হয়। ★★★

ক. কোন ধরনের মূলধনের চাহিদা পূরণে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়?

খ. অভ্যন্তরীণ উৎসের অর্থায়নে ঝুঁকি কম থাকে কেন?

গ. পরাগ কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করেছেন? বর্ণনা কর।

ঘ. পদ্মা মিনারেল ওয়াটার কোম্পানির লভ্যাংশ প্রদান না করার কারণ বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৩** কোহিনূর ফার্মাসিউটিক্যালস লিমিটেড একটি প্রতিষ্ঠিত ওষুধ কোম্পানি। জাপান থেকে কিছু মূল্যবান মেশিন ক্রয়ের জন্য কোম্পানিটি দীর্ঘমেয়াদি তহবিলের প্রয়োজন অনুভব করল। প্রতিষ্ঠানটি শেয়ারের বিকল্প অর্থায়নের ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে বড় অঙ্কের ঋণকে ছোট ছোট অংশে বিভক্ত করে বিক্রি করল। আমদানিকৃত মেশিনগুলোর মাধ্যমে উৎপাদন কার্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করায় কোম্পানির উৎপাদন বহুগুণ বেড়ে গেল। উৎপাদনের সাথে সাথে মুনাফা বৃদ্ধি পাওয়ায় কোম্পানিটি বর্ধিত মুনাফা হতে সর্বপ্রথম আর্থিক সহায়তাকারীদের প্রদেয় সুদ পরিশোধ করল। ★★★

ক. লিজিং কোন ধরনের তহবিল?

খ. প্রাপ্য বিলকে বিনিময় বিল বলা হয় কেন?

গ. কোহিনূর ফার্মাসিউটিক্যালস কোম্পানি মেশিন ক্রয়ের তহবিল সংগ্রহে কোন ধরনের অর্থায়ন ব্যবহার করেছে? বর্ণনা কর।

ঘ. কোম্পানির নির্বাচিত তহবিল উৎসটি কতটা সুবিধা নিশ্চিত করতে পারবে বলে তুমি মনে কর।

**প্রশ্ন ৪** সকল ব্যবসায় প্রতিষ্ঠানে অর্থায়নের প্রয়োজন। টেকেরহাটের ব্যবসায়ী মোশারফও একজন সফল ক্ষুদ্র ব্যবসায়ী। তারও অর্থের প্রয়োজন হয়। সেই অর্থের সংগ্রহ করতে তিনি দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করেন। ★★★

ক. অর্থায়নের তহবিল উৎস কয়টি?

খ. ধারে পণ্য ক্রয় করা একটি অর্থায়ন– ব্যাখ্যা কর।

গ. মোশারফ কীভাবে অভ্যন্তরীণ তহবিল উৎস সৃষ্টি করতে পারেন তা নিরূপণ কর।

ঘ. ব্যবসায় পরিচালনার জন্য মোশারফের গৃহীত অর্থায়ন কতখানি যুক্তিসংগত তা বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৫** জনাব ইসমাইল হোসেন ঢাকার ইসলামপুরের একজন পাইকারি কাপড় বিক্রেতা। ব্যবসায় প্রতিষ্ঠান গঠন ও সম্প্রসারণের জন্য তিনি বিভিন্ন সময় বিভিন্ন উৎস থেকে তহবিল

PARTHIB BOOKS

সংগ্রহ করেছেন। তবে অর্থায়নের উৎস নির্বাচনের ক্ষেত্র উৎসের সুবিধা অসুবিধা বিবেচনা করা প্রয়োজন। কারণ একেক ধরনের ব্যবসায় বা প্রকল্পের জন্য একেক ধরনের উৎস কাযকর ভূমিকা পালন করে। অতি সম্প্রতি তিনি ব্যবসায় সম্প্রসারণের কথা ভাবছেন।

ক. লিজিং কী?

খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল বলতে কী বোঝ?

গ. তহবিলের উৎস নির্বাচনের ক্ষেত্রে ইসমাইলের মতো ব্যবসায়ীদের কী কী বিষয় বিবেচনায় আনা প্রয়োজন– ব্যাখ্যা কর।

ঘ. জনাব ইসমাইল যদি দীর্ঘমেয়াদি অর্থায়নের কথা চিন্তা করেন তবে ঋণ ও লিজিং এ দুইটির মধ্যে কোনটি তার জন্য যুক্তিসংগত হবে বলে তুমি মনে কর? আলোচনা কর।

**প্রশ্ন ৬** জামাল দীর্ঘদিন ধরে চামড়া ব্যবসায়ের সাথে জড়িত। তার বর্তমানে অভ্যন্তরীণ মূলধন কম হওয়ার কারণে তিনি বাইরে থেকে ঋণ সংগ্রহ করার উৎসগুলো নিয়ে কয়েকদিন ভাবলেন। তারপর তিনি একটি বাণিজ্যিক ব্যাংক হতে ৫ বছরের মেয়াদে ঋণ সংগ্রহ করলেন। ★★★

ক. স্বল্পমেয়াদ কী?

খ. গ্রাম্য মহাজন বলতে কী বোঝায়?

গ. জামাল কীভাবে তার ব্যবসায়ে আর্থিক সমস্যা নিরসনের চেষ্টা করেন? ব্যাখ্যা কর।

ঘ. জামালের গৃহীত ঋণে সুদ প্রদান বাধ্যতামূলক' কথাটির সাথে তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ৭** সাদ টেক্সটাইল লি.–এর স্বত্বাধিকারী নয়ন আহমেদ প্রতি বছর অর্জিত মুনাফার একটি নির্দিষ্ট অংশ শেয়ারহোল্ডারদের মাঝে বণ্টন না করে সংরক্ষণ করেন। সম্প্রতি জনাব নয়ন ব্যবসায় সম্প্রসারণের সিদ্ধান্ত নিলেও ব্যক্তিগতভাবে মূলধন সংস্থানে জটিলতার সম্মুখীন হচ্ছেন। [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

ক. ব্যবসায় প্রতিষ্ঠানে তহবিলের কয়টি ভিন্ন উৎস থাকে?

খ. 'পাবলিক লি. কোম্পানির তহবিল সংগ্রহের একটি গুরুত্বপূর্ণ উৎস হল শেয়ার বিক্রয়'– ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি মুনাফা সংরক্ষণের দ্বারা কোন ধরনের তহবিল সৃষ্টি করেছে? ব্যাখ্যা কর।

ঘ. উক্ত সংরক্ষিত তহবিলই পারে নয়নের আর্থিক জটিলতা নিরসন করতে– পক্ষে যুক্তি দাও।

## জ্ঞানমূলক

১. অগ্রাধিকার শেয়ার তহবিল সংগ্রহের কোন ধরনের উৎস? ★★★

উত্তর : অগ্রাধিকার শেয়ার তহবিল সংগ্রহের বহিস্থ উৎস।

২. বিনিময় বিল কোথায় বাট্টা করে নগদ অর্থ সংগ্রহ করা যায়? ★★★

PARTHIB BOOKS

উত্তর : বিনিময় বিল বাণিজ্যিক ব্যাংকে বাট্টা করে নগদ অর্থ সংগ্রহ করা যায়।

৩. ব্যাংক কোন মেয়াদে জামানতবিহীন ঋণ প্রদান করে? ★★★

উত্তর : ব্যাংক স্বল্পমেয়াদে জামানতবিহীন ঋণ প্রদান করে।

৪. তহবিলের উৎস নির্বাচন কোন ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত? ★★★

উত্তর : তহবিলের উৎস নির্বাচন তহবিল ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

৫. কোনটি বিক্রি করে কোম্পানি দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহ করে? ★★★

উত্তর : শেয়ার ও ঋণপত্র বিক্রি করে কোম্পানি দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহ করে।

৬. মালিকের সঞ্চিত মুনাফা কোন ধরনের তহবিল? ★★★

উত্তর : মালিকের সঞ্চিত মুনাফা অভ্যন্তরীণ তহবিল।

৭. কোন ধরনের কোম্পানি শেয়ারবাজারে শেয়ার বিক্রি করতে পারে না? ★★★

উত্তর : প্রাইভেট লিমিটেড কোম্পানি শেয়ারবাজারে শেয়ার বিক্রি করতে পারে না।

৮. কোন ক্ষেত্রে প্রতিষ্ঠানের সুনাম জামানত হিসেবে কাজ করে? ★★★

উত্তর : বাণিজ্যিক পত্র বিক্রয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সুনাম জামানত হিসেবে কাজ করে।

৯. গ্রাম্য মহাজনরা প্রদত্ত ঋণের ওপরে কী ভিত্তিক সুদ গণনা করে? ★★★

উত্তর : গ্রাম্য মহাজনরা প্রদত্ত ঋণের ওপরে দিনভিত্তিক, সপ্তাহভিত্তিক অথবা মাসভিত্তিক সুদ গণনা করে।

১০. যৌথ মূলধনী ব্যবসায়ের অভ্যন্তরীণ তহবিল কী? ★★★

উত্তর : যৌথ মূলধনী ব্যবসায় শেয়ার বিক্রয়ের মাধ্যমে যে তহবিল সংগৃহীত হয়, সেটিই তার অভ্যন্তরীণ তহবিল।

১১. লিজকৃত সম্পত্তির মালিকানা কার নিকট থাকে? ★★★

উত্তর : লিজকৃত সম্পত্তির মালিকানা লিজিং কোম্পানির নিকট থাকে।

১২. অভ্যন্তরীণ তহবিল কী? ★★★

উত্তর : ব্যবসায় মালিক তার সঞ্চিত মুনাফা বা অব্যবহৃত মুনাফার মাধ্যমে যে তহবিল ব্যবসার প্রয়োজনে বিনিয়োগ করে তাই অভ্যন্তরীণ তহবিল।

১৩. প্রাইভেট লিমিটেড কোম্পানি কার নিকট শেয়ার বিক্রয় করে? ★★★

উত্তর : প্রাইভেট লিমিটেড কোম্পানি নির্বাচিত শেয়ার মালিকদের নিকট শেয়ার বিক্রয় করে।

১৪. অর্জিত মুনাফা কী? ★★★

উত্তর : উপার্জিত আয় হতে উৎপাদন সৃষ্টির খরচ, বিক্রয় খরচ ইত্যাদি খরচগুলো বাদ দিলে যে অর্থ বাকি থাকে সেটিই প্রতিষ্ঠানের অর্জিত মুনাফা।

১৫. চাহিবামাত্র প্রদেয় ঋণ কী? ★★★

উত্তর : ঋণগ্রহীতা যদি নির্দিষ্ট সময়ের ভিত্তিতে ঋণ পরিশোধের অঙ্গীকার না করে ব্যাংক চাওয়ামাত্রই ঋণ পরিশোধের শর্তে ঋণ গ্রহণ করে তাই চাহিবামাত্র প্রদেয় ঋণ।

১৬. ক্ষুদ্র ঋণ কী? ★★★

PARTHIB BOOKS

উত্তর : কৃষিনির্ভর ও ক্ষুদ্র কুটির শিল্পের চলতি মূলধনের চাহিদা পূরণের জন্য যে ঋণ প্রদান করা হয় তাই ক্ষুদ্র ঋণ।

১৭. বাণিজ্যিক ব্যাংক জামানত হিসেবে কী গ্রহণ করে? ★★★

উত্তর : বাণিজ্যিক ব্যাংক জামানত হিসেবে চলতি মূলধন বা স্থায়ী সম্পত্তি গ্রহণ করে।

১৮. লভ্যাংশ প্রদানের সাথে কোম্পানির কী জড়িত? ★★★

উত্তর : লভ্যাংশ প্রদানের সাথে কোম্পানির সুনাম জড়িত।

## অনুধাবনমূলক

১. সিন্ডিকেশন প্রক্রিয়া বলতে কী বোঝায়? ★★★

২. অবণ্টিত মুনাফা বলতে কী বোঝ? ★★★

৩. দীর্ঘমেয়াদি অর্থায়নের দুইটি বৈশিষ্ট্য লেখ। ★★★

৪. প্রতিষ্ঠানের অর্থায়নে মজুদপণ্য কীভাবে ব্যবহার করা যায়? ★★

৫. জামানত বলতে কী বোঝায়? ★★★

৬. বাণিজ্যিক ব্যাংকগুলো কীভাবে প্রদত্ত ঋণের সুদ ধার্য করে? ★★★

৭. ক্রেতা থেকে অগ্রিম গ্রহণ কোন ধরনের অর্থসংস্থানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ★★

৮. তহবিল সংগ্রহে বাহ্যিক উৎসগুলো বেশি জনপ্রিয় কেন? ★★★

PARTHIB BOOKS

# অধ্যায় ৩

# অর্থের সময়মূল্য

## সৃজনশীল বহুনির্বাচনি

২. **চক্রবৃদ্ধি সুদ কিসের ওপর গণনা করা হয়?** [কুমিল্লা বোর্ড ২০২১] ★★★

ক আসল ● সুদাসল
গ মোট মুনাফা ঘ কমিশন

৩. **ফিন্যান্সের দৃষ্টিতে কিসের সাথে সাথে অর্থের মূল্য পরিবর্তন হয়?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★★

ক আয় খ ব্যয়
গ বিনিয়োগ ● সময়

৪. **সময়ের সাথে সাথে অর্থের মূল্য পরিবর্তনের ধারণাকে কী বলে?** ★★

ক অর্থায়ন ● অর্থের সময়মূল্য
গ অর্থের চাহিদামূল্য ঘ অর্থের পরিবর্তিত মূল্য

৫. **সময়ের সাথে সাথে অর্থের মূল্য পরিবর্তন হয় কেন?** [রাজশাহী বোর্ড ২০২১] ★★

● সুদের হারের কারণে
খ উৎপাদন বৃদ্ধির কারণে
গ অর্থের চাহিদা বৃদ্ধির কারণে
ঘ বাজার সম্প্রসারণের কারণে

৬. **অর্থের সময়মূল্যের সূত্র প্রয়োগের মাধ্যমে কোনটির পরিমাণ নির্ধারণ করা যায়?** [রাজশাহী সরকারি বালিকা বিদ্যালয়] ★★★

ক প্রকৃত অর্থ ● সুযোগ ব্যয়
গ মূল্য নির্ধারণ ঘ প্রকল্প মূল্যায়ন ব্যয়

৭. **চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে কোনটি নির্ণয় করা হয়?** [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

ক সম্পত্তির মূল্য খ মোট দায়ের পরিমাণ
গ অথের বর্তমান মূল্য ● অর্থের ভবিষ্যৎ মূল্য

৮. **সুদাসলের ওপর সুদ গণনা করার পদ্ধতিকে বলা হয়?** [নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী] ★★★

ক বাট্টাকরণ পদ্ধতি খ সরল পদ্ধতি
● চক্রবৃদ্ধি পদ্ধতি ঘ বার্ষিক পদ্ধতি

PERTHIB BOOKS

৯. **চক্রবৃদ্ধি পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের ওপর সুদ ধার্য করে কোনটি নির্ণয় করা হয়?** [রাজশাহী সরকারি বালিকা বিদ্যালয়] ★★★

ক বর্তমান মূল্য ● ভবিষ্যৎ মূল্য

গ প্রকল্প ঘ বিনিয়োগ ব্যয়

১০. **কারা ঋণদান কার্যক্রমের সাথে জড়িত?**

ক গ্রামীণ স্বর্ণকার ● গ্রামীণ মহাজন

গ গ্রামীণ পুরুহিত ঘ গ্রামীণ ফেরিওলা

১১. **সরল সুদ কিসের ওপর গণনা করা হয়?** [নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী] ★★★

● আসল খ সুদাসল

গ বার্ষিক বাট্টা ঘ মোট মুনাফা

১২. **সরল সুদ নির্ণয়ের ক্ষেত্রে কোনটি সঠিক?** ★★★

● আসল স্থির থাকে

খ সুদাসলের ওপর সুদ ধার্য করা হয়

গ আসল পরিবর্তন হয়

ঘ সুদের ওপর সুদ ধার্য করা হয়

১৩. **অর্থের সময়মূল্য কয়টি?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা] ★★★

● দুই খ তিন

গ ছয় ঘ সাত

১৪. **ভবিষ্যৎ মূল্যকে বর্তমান মূল্যে রূপান্তরের প্রক্রিয়াটিকে কী বলে?** ★★★

ক চক্রবৃদ্ধি ● বাট্টাকরণ

গ সরল সুদ ঘ সুদাসল

১৫. **বাট্টাকরণ পদ্ধতিতে কোনটি নির্ণয় করা হয়?** ★★★

ক সম্পত্তির মূল্য ● অর্থের বর্তমান মূল্য

গ অর্থের ভবিষ্যৎ মূল্য ঘ মোট দায়ের পরিমাণ

১৬. **সুদাসলকে সুদের হার দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?** ★★

ক সুদ খ মেয়াদ

● বর্তমান মূল্য ঘ ভবিষ্যৎ মূল্য

১৭. **চক্রবৃদ্ধিকরণ পদ্ধতির বিপরীত কোনটি?** ★★★

ক মেয়াদ পদ্ধতি

খ বার্ষিক বৃদ্ধিকরণ পদ্ধতি

গ প্রকৃত সুদের হার নির্ণয় পদ্ধতি

● বাট্টাকরণ পদ্ধতি

১৮. **বাট্টাকরণ পদ্ধতিতে i দ্বারা নিচের কোনটিকে প্রকাশ করে?** ★★★

ক মেয়াদ ● সুদের হার

PARTHIB BOOKS

ⓖ সুদ　　　　ⓘ বছর

১৯. **PV বলতে কী বোঝায়?** ★★★

● বর্তমান মূল্য　　　　ⓗ ভবিষ্যৎ মূল্য

ⓖ অর্থের সময় মূল্য　　　　ⓘ অতীত মূল্য

২০. **ভবিষ্যৎ মূল্যের সংক্ষিপ্তরূপ কোনটি?** ★★★

ⓚ VM　　　　ⓗ PM

ⓖ PV　　　　● FV

২১. **মেয়াদকাল বোঝাতে নিচের কোনটি ব্যবহার করা হয়?** ★★★

ⓚ i　　　　ⓗ p

● n　　　　ⓘ m

২২. **PV এর পূর্ণরূপ কোনটি?** ★★★

ⓚ Prepare Value　　　　ⓗ Position value

● Present Value　　　　ⓘ Present Volum

২৩. **FV এর পূর্ণরূপ কোনটি?** ★★★

● Future Value　　　　ⓗ Farther Value

ⓖ Frasted Value　　　　ⓘ Futured Value

২৪. **সুদের হারের সাথে অর্থের সময় মূল্যের হ্রাস বৃদ্ধির সম্পর্ক কেমন?** ★★★

ⓚ অনুকূল　　　　ⓗ বিপরীত

ⓖ সমানুপাতিক　　　　● সমানুপাতিক নয়

২৫. **ব্যাংক আমানতকৃত অর্থের ওপর কিসের ভিত্তিতে সুদ প্রদান করে?** ★★★

ⓚ দিন　　　　● মাস

ⓖ সপ্তাহ　　　　ⓘ বছর

২৬. **ব্যাংকে টাকা রাখলে বছরে কতবার চক্রবৃদ্ধি হয়?** ★★★

ⓚ ১　　　　ⓗ ৪

ⓖ ৬　　　　● ১২

২৭. **কোন পদ্ধতিতে সুদের পরিমাণ বেশি হয়?** ★★★

ⓚ সরল পদ্ধতিতে

● চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে

ⓖ বাট্টাকরণ পদ্ধতিতে

ⓘ বর্তমান মূল্য নির্ধারণ পদ্ধতিতে

২৮. **বছরে চক্রবৃদ্ধির সংখ্যাকে কোন প্রতীক প্রকাশ করা হয়?** ★★

● i　　　　ⓗ n

ⓖ m　　　　ⓘ r

২৯. **একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য নির্ধারণের সূত্রে m দ্বারা কোনটি প্রকাশ করা হয়?** ★★★

ⓚ ভবিষ্যৎ মূল্য　　　　ⓗ বর্তমান মূল্য

PARTHIB BOOKS

ⓖ মেয়াদ ● বছরে চক্রবৃদ্ধি সংখ্যা

৩০. **কোম্পানি দেউলিয়া হয় কী কারণে?**[বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

ⓚ ব্যবসায়িক ঝুঁকি বেশি হলে

ⓚ আর্থিক ঝুঁকি বেশি হলে

● দায় পরিশোধে ব্যর্থ হলে

ⓖ সুদের হার ঝুঁকির কারণে

৩১. **ভবিষ্যৎ মূল্য নির্ধারণের জন্য ব্যবহৃত পদ্ধতিকে কী বলা হয়?** [যশোর জিলা স্কুল, যশোর] ★★★

ⓚ সুদ প্রক্রিয়া ⓚ বাট্টাকরণ পদ্ধতি

ⓖ মেয়াদি প্রক্রিয়া ● চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি

৩২. **ব্যাংকে টাকা রাখলে বছরে কত বার চক্রবৃদ্ধি হয়?** [বীণাপানি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ] ★★★

ⓚ ২ বার ⓚ ৪ বার

ⓖ ৬ বার ● ১২ বার

৩৩. **ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের সময় m দ্বারা কোনটিকে গুণ করতে হয়?** ★★★

● মেয়াদ ⓚ সুদ

ⓖ সুদের হার ⓖ আসল

৩৪. **ব্যাংক যদি সাপ্তাহিক হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করে তবে m এর মান কোনটি হবে?** ★★★

ⓚ ৭ ⓚ ৩০

ⓖ ৫০ ● ৫২

৩৫. **করিম এক মহাজন থেকে দ্বিমাসিক ২% হারে ৩ বছরের জন্য ঋণ গ্রহণ করে। এখানে মেয়াদ কে কত দ্বারা গুণ করতে হবে?** ★★★

ⓚ ২ ⓚ ৩

● ৬ ⓖ ১২

৩৬. **ভবিষ্যৎ মূল্য জানা থাকলে কোনটি বের করতে পারি?** ★★★

ⓚ সুদাসল ● আসল

ⓖ সুদ ⓖ মেয়াদ

৩৭. **একাধিকবার চক্রবৃদ্ধির ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য থেকে বর্তমান মুল্য নির্ণয় করাকে কী বলা হয়?** ★★★

ⓚ চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়া ● বাট্টাকরণ প্রক্রিয়া

ⓖ সুদাসলকরণ প্রক্রিয়া ⓖ আসলকরণ প্রক্রিয়া

৩৮. **একাধিকবার চক্রবৃদ্ধির ক্ষেত্রে বর্তমান মূল্য নির্ণয়ে m দ্বারা কোনটি প্রকাশ করা হয়?** ★★★

PARTHIB BOOKS

ⓚ মেয়াদ ⓚ সময়

ⓖ বছরের সংখ্যা ● চক্রবৃদ্ধির সংখ্যা

৩৯. **অর্থায়নের প্রতিটি সিদ্ধান্ত কিসের ওপর ভিত্তি করে গৃহীত হয়?** [অগ্রগামী সরকারি উচ্চ বিদ্যালয়, সিলেট] ★★★

ⓚ মানব সম্পদের দক্ষতার ওপর

ⓚ আর্থিক পরিকল্পনার ওপর

● অর্থের সময়মূল্যের ওপর

ⓖ সাংগঠনিক ধারণার ওপর

৪০. **ঋণ নেয়ার আগে কোনটি করা আবশ্যক?**[জামালপুর জিলা স্কুল] ★★★

ⓚ সুদের পরিমাণ নির্ধারণ

ⓚ ঋণের পরিমাণ নির্দিষ্ট করা

ⓖ অর্থের মূল্য নির্ধারণ

● ঋণ পরিশোধ ক্ষমতা যাচাই

৪১. **বছরে যদি ১২ বার সুদ চক্রবৃদ্ধি হয় তাহলে–** [হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা] ★★★

i. সুদ আসলের তুলনায় দ্বিগুণ হবে

ii. সুদের হারকে ১২ দ্বারা ভাগ করতে হবে

iii. মেয়াদকেও ১২ দ্বারা গুণ করতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii ● i ও iii ⓖ i, ii ও iii

৪২. **ত্রৈমাসিক চক্র বৃদ্ধি হলে–** [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, জাহানাবাদ খুলনা] ★★★

i. সুদের হারকে ৪ দিয়ে ভাগ করলে হবে

ii. মেয়াদকে ৪ দিয়ে ভাগ করতে হবে

iii. মেয়াদকে ৪ দিয়ে গুণ করতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii

ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও :**

এনামুল ১২,০০০ টাকা ৫ বছরের জন্য ১০% চক্রবৃদ্ধি সুদে একটি প্রকল্পে বিনিয়োগ করেছিল। সে ৫ বছর পর যে টাকা পায় তা ১২ বছরের জন্য ১৫% চক্রবৃদ্ধি সুদে আরেকটি প্রকল্পে বিনিয়োগ করে।[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ, চট্টগ্রাম]

৪৩. **বিনিয়োগের ৫ বছর পর এনামুল কত টাকা পেয়েছে?** ★★★

ⓚ ২০,০৩৬ টাকা ● ১৯,৩২৬ টাকা

ⓖ ১৮,৪৭৭ টাকা ⓖ ১৭,৬১৫ টাকা

৪৪. **১৭ বছর পর এনামুল সর্বমোট কত টাকা পাবে?** ★★★

PATHUB BOOKS

ⓚ ১,০০,০০০ টাকা ⓛ ১,০১,৪০০ টাকা
ⓜ ১,০৩,০০০ টাকা ● ১,০৩,৪০০ টাকা

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** জনাব সিথি 'x ব্যাংকে ৫০,০০০ টাকা ১০% হারে, ৭ (সাত) বছরের জন্য জমা রাখলেন এবং 'Y ব্যাংকে ৭ বছরের জন্য ৫০,০০০ টাকা ৯.৫% হারে জমা রাখলেন। [কুমিল্লা বোর্ড ২০২১] ★★★

ক. অর্থের সময়মূল্য কী?

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলতে কী বোঝ?

গ. 'X ব্যাংক' থেকে কত টাকা পাওয়া যাবে? নির্ণয় কর।

ঘ. জনাব সিথির কোন ব্যাংকে টাকা জমা রাখা যুক্তিযুক্ত? মতামত দাও।

**প্রশ্ন ২** আরিফ সাহেব তার জমানো ২০,০০০ টাকা ব্যাংকে ৮ বছরের জন্য পরী হিসাবে রাখার সিদ্ধান্ত নেন। AR ব্যাংক তাকে ১০% হারে সুদ দিবে বলে জানায়। অপরদিকে BC ব্যাংক তাকে ১২% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে প্রস্তাব দেয়। [চট্টগ্রাম বোর্ড ২০২১] ★★★

ক. সুযোগ ব্যয় কী?

খ. রুল '৭২' কী? ব্যাখ্যা কর।

গ. আরিফ সাহেব AR ব্যাংক থেকে ৮ বছর পর কত টাকা পাবেন? নির্ণয় কর।

ঘ. আরিফ সাহেব কোন ব্যাংকে টাকা রাখলে অধিক লাভজনক হবে? মূল্যায়ন কর।

**প্রশ্ন ৩** নিখিল চন্দ্র সম্প্রতি চাকরি থেকে অবসর নেন এবং অবসরের ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য 'অনিমা ব্যাংক' ৮% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয় এবং 'চন্দ্রিমা ব্যাংক' তাকে ৭% হারে ৬ মাস অন্তর চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয়। [সিলেট বোর্ড ২০২১] ★★★

ক. অর্থের সময়মূল্য কী?

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর ।

গ. নিখিল চন্দ্র 'অনিমা ব্যাংকে' টাকা জমা রাখলে কত টাকা পাবে?

ঘ. নিখিল চন্দ্রের কোন ব্যাংকে টাকা জমা রাখা অধিক লাভজনক হবে? মতামত দাও।

**প্রশ্ন ৪** মি. শ্যামল সম্প্রতি চাকরি থেকে অবসর নেন এবং তার অবসরের ২৫,০০,০০০ টাকা 'ক' ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাবে রাখার সিদ্ধান্ত নেন। ব্যাংক তাকে ১২% হারে সুদ দিবে বলে জানায়। অপরদিকে 'খ' ব্যাংক তাকে ১৫% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দিবে বলে প্রস্তাব দেয়। [যশোর বোর্ড ২০১৯] ★★★

PARTHIB BOOKS

ক. কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার পূর্বে কী বিবেচনা করতে হয়?
খ. রুল '৭২' কী? ব্যাখ্যা কর।
গ. মি. শ্যামল 'ক' ব্যাংক থেকে ১০ বছর পর কত টাকা পাবেন?
ঘ. মি. শ্যামলের কোন ব্যাংকে টাকা রাখা অধিক লাভজনক? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৫** জনাব মনসুর ৬ বছর পর ১০,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা টগর ব্যাংকে' বার্ষিক ১০% হার সুদে জমা রাখেন। অপরদিকে তার বন্ধু তানভীর ২,০০,০০০ টাকা ব্যাংকে ৮ বছরের জন্য জমা রাখতে চান। 'ডালিয়া ব্যাংক' তাকে ৮ বছরে দ্বিগুণ অর্থ প্রদানের প্রস্তাব দেয়। জনাব মনসুর তার বন্ধুকে টগর ব্যাংকে' অর্থ রাখার পরামর্শ দেন। [যশোর বোর্ড ২০২১] ★★★
ক. অর্থের সময়মূল্যের কারণ কী?
খ. পারিবারিক অর্থায়ন বলতে কী বোঝায়?
গ. জনাব মনসুর টগর ব্যাংকে' কত টাকা জমা রাখেন? নির্ণয় কর।
ঘ. বন্ধু মনসুর প্রদত্ত পরামর্শ গ্রহণ জনাব তানভীরের জন্য লাভজনক কিনা তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৬** জনাব আহাদ ও জনাব ফাহাদ ৭ বছর বিদেশ যাত্রা শেষ করে সদ্য দেশে ফিরেন। জনাব আহাদ তার জমাকৃত টাকা দিয়ে গাড়ির যন্ত্রাংশ আমদানির ব্যবসায় শুরু করেন এবং অবশিষ্ট টাকা তিনি 'লাবণী ব্যাংকে' ৭ বছরের জন্য জমা রাখতে চান। উক্ত ব্যাংক তাকে ৭%সুদে মেয়াদ শেষে ১০ লক্ষ টাকা ফেরত দিবে বলে জানিয়েছে। অন্যদিকে তার বন্ধু ফাহাদও ফার্নিচার তৈরির ব্যবসায় শুরু করেন। ব্যবসায়িক প্রয়োজনে তিনি ২২ লক্ষ টাকা ঋণ নিতে চান। 'ইউনাইটেড ব্যাংক' তাকে ষাণ্মাসিক ৮.৫% সুদে ঋণের প্রস্তাব দিয়েছে এবং 'আলফা' ব্যাংক তাকে মাসিক ৭.৫% সুদে ঋণের প্রস্তাব দিয়েছে । দুই ব্যাংককেই ১০ বছরের মধ্যে টাকা পরিশোধ করতে হবে।
ক. চক্রবৃদ্ধিকরণ কী? [ময়মনসিংহ বোর্ড ২০২১] ★★★
খ. আজকের ৫০ টাকা পরবর্তী ১০ বছরে সমান গুরুত্ব বহন করে না কেন? ব্যাখ্যা কর।
গ. জনাব আহাদ 'লাবণী ব্যাংকে' কত টাকা বর্তমানে জমা রাখতে চান? নির্ণয় কর।
ঘ. জনাব ফাহাদের ব্যবসায়ের জন্য কোন ব্যাংক থেকে ঋণ নেওয়া উচিত বলে তুমি মনে কর? অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের ভিত্তিতে মতামত দাও।

**প্রশ্ন ৭** মি. রহমান একজন চাকরিজীবী। আগামী পাঁচ বছর পর ৫ লক্ষ টাকা পাওয়ার আশায় বর্তমানে তিনি কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান 'ক' ব্যাংক তাকে ৮% হারে

PARTHIB BOOKS

সরল সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে? অন্যদিকে 'খ' ব্যাংক ৭.৫% হারে চক্রবৃদ্ধি সুদ প্রস্তাব দিয়েছে। [রাজশাহী বোর্ড ২০২০] ★★★

ক. বাট্টাকরণ কী?

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. জনাব রহমানকে 'ক' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর।

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব রহমানের জন্য সঠিক সিদ্ধান্ত হবে? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৮** জনাব অসীম ৫ বছর পর ৬,০০,০০০ টাকা পাওয়ার আশায় বার্ষিক ৮% হার সুদে বর্তমানে কিছু টাকা পলাশ ব্যাংকে জমা রাখেন। অপরদিকে তার বন্ধু শরীফ পেনশনের ৫,০০,০০০ টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চাইলে জনাব অসীম তাকে পলাশ ব্যাংকে রাখার পরামর্শ দেন। সেখান থেকে নির্দিষ্ট সময় পর তিনি ৭,৩৪,৬৬৪.০৪ টাকা পেতে পারেন। কিন্তু শিমুল ব্যাংক তাকে ৭% হার সুদে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দেয়। [কুমিল্লা বোর্ড ২০১৯] ★★★

ক. কোন ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়?

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর।

গ. জনাব অসীম বর্তমানে 'পলাশ' ব্যাংকে কত টাকা জমা রাখেন?

ঘ. ভবিষ্যৎ মূল্যের ভিত্তিতে জনাব শরীফের কোন ব্যাংকে অর্থ জমা রাখা অধিক যুক্তিযুক্ত? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৯** জনাব আনিকা ১২,০০,০০০ টাকা ১০ বছরের জন্য ব্যাংকে জমা কার্যতে চান। এক্ষেত্রে 'ক ব্যাংক' তাকে বার্ষিক ১১% হারে সুদের প্রস্তাব দেয় এবং 'খ ব্যাংক' ১২% হারে মাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদানের প্রস্তাব দেয়। [ঢাকা বোর্ড ২০২১] ★★★

ক. সুযোগ ব্যয় কী?

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর।

গ.'ক ব্যাংক' থেকে কত টাকা সুদ পাওয়া যাবে?

ঘ. জনাব আনিকার কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক? যুক্তিসহকারে বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১০** জনাব 'X' তার জমানো ৪,০০,০০০ টাকা রূপালী ব্যাংকে ৪ মাস অন্তর ১৪% হারে চক্রবৃদ্ধিতে ৭ বছরের পলিসিতে জমা রাখতে চাচ্ছিলেন। অন্যদিকে তার এক বন্ধু জনাব 'Y' এর পরামর্শে অবশেষে তিনি জনতা ব্যাংকে ১৫% সরল সুদে ৭ বছরের জন্য বিনিয়োগ করেন। [রাজশাহী বোর্ড ২০২১] ★★★

PARTHIB BOOKS

ক. কোন সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়?
খ. অর্থের সময়মূল্য কেন নিরূপণ করা হয়?
গ. রূপালী ব্যাংক থেকে জনাব 'X' ৭ বছর পর কত টাকা পাবেন?
ঘ. জনাব 'X' এর জন্য কোন পলিসিটি লাভজনক হতো বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর।

**প্রশ্ন ১১** জনাব মাহমুদ একজন শিক্ষক। তার কাছে জমানো ৭০,৫০০ টাকা তিনি ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তিনি দুইটি ব্যাংকে কথা বলে জানতে পারলেন যে, 'সাফা ব্যাংক' তাকে বার্ষিক ৫% হারে সুদ প্রদান করবে। অন্যদিকে 'রাফা ব্যাংক' থেকে ৪.৫% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ পাওয়া যাবে। [যশোর বোর্ড ২০২১] ★★
ক. বাট্টাকরণ পদ্ধতিতে অর্থের কোন মূল্য নির্ণয় করা হয়?
খ. বিনিয়োগের সুযোগ ব্যয় বলতে কী বোঝায়?
গ. জনাব মাহমুদ 'রাফা ব্যাংক' থেকে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় কর।
ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখলে জনাব মাহমুদ বেশি লাভবান হবেন? গাণিতিক উপায়ে মতামত দাও।

**প্রশ্ন ১** সাইফুল ৩,০০,০০০ টাকা ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। "সুরমা ব্যাংক" তাকে ৭% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয় এবং অনিমা ব্যাংক" তাকে ৬% হারে ৬ মাস অন্তর চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দেয়।[সকল বোর্ড ২০১৭] ★★★
ক. অর্থের সময়মূল্য কী?
খ. সুদ-আসলের ওপর যে সুদ প্রদান করা হয় তাকে কী বলে? ব্যাখ্যা কর।
গ. জনাব সাইফুল "সুরমা ব্যাংক"-এ টাকা জমা রাখলে ৫ বছর পর কত টাকা পাবেন?
ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব সাইফুলের জন্য অধিক লাভজনক? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ১২** জমার কামাল ৫ বছর পর ৫০,০০০ টাকা পেতে চায়। এজন্য 'বোর্ড ব্যাংক' বার্ষিক ৯% হারে এবং 'শিক্ষক ব্যাংক' মাসিক চক্রবৃদ্ধিতে ৮% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। [কুমিল্লা বোর্ড ২০২১] ★★★
ক. PV এর পূর্ণরূপ কী?
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝ?
গ. বর্তমানে জনাব কামাল বোর্ড ব্যাংকে কত টাকা জমা রাখবেন? নির্ণয় কর।
ঘ. কোন ব্যাংকে বিনিয়োগ লাভজনক? নির্ণয় কর।

PARTHIB BOOKS

**প্রশ্ন ১৩** জনাব সোলায়মান ৪ বছর পর ৪০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চায়। সেতু ব্যাংক বার্ষিক ১২% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং সুনাম ব্যাংক ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে। [চট্টগ্রাম বোর্ড ২০২১] ★★★

ক.EAR-এর পূর্ণরূপ লেখ।

খ.বাট্টাকরণ প্রক্রিয়া কী? ব্যাখ্যা কর।

গ. জনাব সোলায়মান ৪ বছর পর ৪০,০০০ টাকা পেতে সেতু ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় কর।

ঘ. জনাব সোলায়মানের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? মতামত দাও।

**প্রশ্ন ১৪** মি. রেজাউল ৫ বছর পর ১,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমিয়ে রাখতে চান। জনতা ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং ডাচ্ বাংলা ব্যাংক তাকে ৯% হার মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে। [সকল বোর্ড ২০১৮] ★★★

ক. EAR-এর পূর্ণরূপ লিখ।

খ. বাট্টাকরণ প্রক্রিয়া কী? ব্যাখ্যা কর। ৫ বছর পর ১,০০,০০০ টাকা পাওয়ার জন্য মি. রেজাউলকে জনতা ব্যাংকে কত টাকা জমা দিতে হবে?

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখলে জনাব রেজাউল অধিকতর লাভবান হবেন? সিদ্ধান্ত দাও।

**প্রশ্ন ১৫** জনাব আজাদ সাহেব একটি আর্থিক প্রতিষ্ঠানে বার্ষিক ৯% সুদের হারে ৩০,০০০ টাকা ৫ বছর জমা রাখার ব্যাপারে ভাবছিলেন। পরে তিনি তার একজন আত্মীয়ের নিকট জানতে পারেন অন্য একটি ব্যাংক ৯% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। এক্ষেত্রে প্রকৃত সুদের হার বৃদ্ধি পাবে। তাই তিনি ব্যাংকে টাকা জমা রাখলেন। [ঢাকা বোর্ড ২০২১] ★★★

ক. প্রকৃত সুদ কী?

খ. অর্থের বর্তমান মূল্য বলতে কী বোঝ?

গ. জনাব আজাদ সাহেব মাসিক চক্রবৃদ্ধিতে বিনিয়োগ করলে প্রকৃত সুদের হার কত হবে?

ঘ. জনাব আজাদকে প্রথম ব্যাংক ৪৬,১৫৮.৭২ টাকা দিতে চাইল কিন্তু তিনি মাসিক চক্রবৃদ্ধি ক্ষেত্রে বিনিয়োগে সম্মত হন- এ বিষয়ে যৌক্তিকতা উপস্থাপন কর।

PARTHIB BOOKS

**প্রশ্ন ১৬** মুদি দোকানি জনাব মতিউর গ্রামের ধনাঢ্য ব্যক্তি জনাব হাশেমের নিকট থেকে সাপ্তাহিক ১% চক্রবৃদ্ধি সুদে কিছু টাকা ধার নেয়। অন্যদিকে জনাব রফিক ৮ বছর পর ৩ লক্ষ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে রাখতে চান। 'ক' ব্যাংক বছরে ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। পক্ষান্তরে, 'খ' ব্যাংক ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে ৮% সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। [বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২১] ★★★

ক. চক্রবৃদ্ধিকরণ কী?

খ. মুনাফা অর্জনে মূলধন বাজেটিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কেন? ব্যাখ্যা কর।

গ. জনাব মতিউরের ঋণ গ্রহণের ক্ষেত্রে প্রকৃত সুদের হার নির্ণয় কর।

ঘ. বর্তমান মূল্য নির্ণয় করে জনাব রফিকের জন্য কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও।

## জ্ঞানমূলক

১। চক্রবৃদ্ধিকরণ কী? [ব. বো. ২১; দি. বো. ২১, ম. বো. ২১] ★★★

উত্তর : ভবিষ্যতের মূল্য নির্ণয় করার কৌশলকে চক্রবৃদ্ধিকরণ বলে।

২। অর্থের সময়মূল্যের মূল কারণ কী? [য. বো. ২১, ব. বো ২০] ★★★

উত্তর : অর্থের সময়মূল্যোর মূল কারণ হলো সুদের হার।

৩। অর্থের সময়মূল্য কী? [য. বো. ২০, ব. বো. ২০, ২১; সি. বো, ২০, ২১; সকল বোর্ড ১৭] ★★★

উত্তর : সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূলোর পরিবর্তনকে অর্থের সময়মূল্য বলে।

৪। সুযোগ ব্যয় কী? [ঢা. বো. ১৯] ★★★

উত্তর : কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য কোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

৫। কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার পূর্বে কী বিবেচনা করতে হয়? [য. বো. ১৯] ★★★

উত্তর : কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার পূর্বে ঋণ পরিশোধ ক্ষমতা যাচাই করতে হয়।

৬। 'রুল-৭২' কী? [ব. বো. ১৯] ★★★

উত্তর : বিনিয়োগকৃত অর্থ কত সুদের হারে বা কত বছরে দ্বিগুণ হবে তা সংক্ষেপে নির্ণয় করার কৌশলকে 'রুল-৭২' বলে।

PERTHIB BOOKS

৭। ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে অর্থের কী জড়িত থাকে?

উত্তর : ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে অর্থের আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ জড়িত থাকে।

৮। কোন ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়? [রা. বো. ২১, কু. বো. ১৯]

উত্তর : সরল সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়।

৯। চক্রবৃদ্ধি সুদ কী? [দি. বো. ১৯] ★★★

উত্তর : সুদ-আসলের ওপর যে সুদ প্রদান করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

১০। ভবিষ্যৎ মূল্য কী? ★★★

উত্তর : বর্তমানের নির্দিষ্ট পরিমাণ অর্থ কোথাও বিনিয়োগ করলে নির্দিষ্ট সময়ের শেষে সুদসহ যে অর্থ পাওয়া যায় তাকে ভবিষ্যৎ মূল্য বলে।

১১। সরল সুদ কী? ★★★

উত্তর : প্রতি বছর আসল টাকার ওপর নির্দিষ্ট হারে যে সুদ ধার্য করা হয় তাকে সরল সুদ বলে।

১২। সরল সুদে ভবিষ্যৎ মূল্যের সূত্রটি লেখ। ★★★

উত্তর : সরল সুদে ভবিষ্যৎ মূল্যের সূত্রটি হলো : $FV = PV + (PV \times i \times n)$

১৩। বাট্টাকরণ পদ্ধতিতে অর্থের কোন মূল্য নির্ণয় করা হয়? [য. বো. ২১] ★★★

উত্তর : বাট্টাকরণ পদ্ধতিতে অর্থের বর্তমান মূল্য নির্ণয় করা হয়।

১৪। বর্তমান মূল্য নির্ধারণ করা হয় কীভাবে? [চ. বো. ২০] ★★★

উত্তর : প্রতিবছর ভবিষ্যৎ সুদাসলকে সুদের হার দিয়ে ভাগ করে বর্তমান মূল্য নির্ধারণ করা হয়।

১৫। বর্তমান মূল্য কী? [মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★

উত্তর : ভবিষ্যতে প্রাপ্য অর্থের আজকের যে মূল্য তাকে বর্তমান মূল্য বলে।

১৬। বর্তমান মূল্য জানা থাকলে কোন মূল্য জানা যায়? ★★★

উত্তর : বর্তমান মূল্য জানা থাকলে ভবিষ্যৎ মূল্য জানা যায়।

১৭। সুদের হারের সাথে অর্থের সময়মূল্যের হ্রাস-বৃদ্ধির সম্পর্কটি কেমন? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ] ★★★

উত্তর : সুদের হারের সাথে অর্থের সময়মূল্যের হ্রাস-বৃদ্ধির সম্পর্কটি সমানুপাতিক নয়।

## অনুধাবনমূলক

১. বাট্টাকরণ পদ্ধতি বলতে কী বোঝ? ★★★

PARTHIB BOOKS

২. চক্রবৃদ্ধি পদ্ধতি বলতে কী বোঝ? ★★★

৩. সরল সুদ বলতে কী বোঝ? ★★★

৪. অর্থের সময়মূল্য নির্ধারণ প্রয়োজন কেন? ★★★

৫. একাধিকবার বাট্টাকরণ করা হয় কেন? ★★★

৬. একাধিকবার চক্রবৃদ্ধিকরণ করা হয় কেন? ★★

৭. বর্তমান মূল্য বলতে কী বোঝ? ★★★

৮. প্রকল্প মূল্যায়নে অর্থের সময়মূল্য গুরুত্বপূর্ণ কেন? ★★

PARTHIB BOOKS

# অধ্যায় ৪
# ঝুঁকি ও অনিশ্চয়তা

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **বিচ্যুতি থেকে সৃষ্টি হয় কোনটি?**
[যশোর বোর্ড ২০২১; ফেনী সরকারি পাইলট হাইস্কুল] ★★★
● ঝুঁকি  ⓪ অনিশ্চয়তা
ⓖ গরমিল  ⓖ লাভ–লোকসান

২. **অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় সে অংশকে কী বলা হয়?** [চট্টগ্রাম বোর্ড ২০১৯; বর্ডার গার্ডস পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সিলেট] ★★★
ⓚ বিচ্যুতি  ⓖ উৎস
ⓖ লাভ–ক্ষতি  ● ঝুঁকি

৩. **পরিচালন ব্যয়ে কোন খরচ বেশি হলে ব্যবসায়িক ঝুঁকি সৃষ্টি হয়?** [রাজশাহী বোর্ড ২০২১] ★★★
ⓚ চলতি খরচ  ● স্থায়ী খরচ
ⓖ মোট খরচ  ⓖ প্রত্যক্ষ খরচ

৪. **ঝুঁকি হ্রাস করার জন্য কোম্পানি কোন কৌশল গ্রহণ করতে পারে?** [কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর] ★★★
ⓚ গুদামজাতকরণ  ⓖ কম মূল্যে বিক্রয়
● অগ্রিম বিক্রয়  ⓖ বিজ্ঞাপন প্রচার

৫. **অফিস ভাড়া, বেতন ইত্যাদির পরিমাণ বেশি হলে কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়?**
[চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ⓚ আর্থিক ঝুঁকি  ⓖ সুদ হারের ঝুঁকি
ⓖ তারল্য ঝুঁকি  ● ব্যবসায়িক ঝুঁকি

৬. **বিনিয়োগের বাজার মূল্য কমে–**[ফেনী সরকারি পাইলট হাইস্কুল] ★★★
● সুদের হার বাড়লে  ⓖ সুদের হার কমলে
ⓖ সুদের হার অপরিবর্তিত থাকলে ⓖ সুদের হার ওঠানামা করলে

৭. **সুদের হারের পরিবর্তনের কারণে বিনিয়োগের মূল্য কমার সম্ভাবনাকে কী বলা হয়?**
[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ] ★★★
ⓚ ব্যবসায়িক ঝুঁকি  ⓖ আর্থিক ঝুঁকি
ⓖ তারল্য ঝুঁকি  ● সুদ হারের ঝুঁকি

৮. **ঝুঁকি ব্যবস্থাপনার জন্য কী খুঁজে বের করা জরুরি?** [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা] ★★★

PARTHIB BOOKS

● ঝুঁকির উৎস ও শ্রেণি ⓚ ঝুঁকির কারণ
ⓖ ঝুঁকির তীব্রতা ⓘ ঝুঁকির মেয়াদ

৯. **প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের কোন উপাদানটি বেশি হলে ঝুঁকি বাড়ে?** [বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম; মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★
ⓚ সম্ভাবনা ⓚ অনিশ্চয়তা
● বিচ্যুতি ⓘ ত্রুটি

১০. **ঝুঁকি পরিমাপের জন্য কোনটি ব্যবহার করা হয়?** [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা] ★★★
ⓚ গড় ব্যবধান ⓚ গড়
ⓖ মধ্যক ● আদর্শ বিচ্যুতি

১১. **ব্যবসায় প্রতিষ্ঠানে ঝুঁকির সৃষ্টি হয় কোথা থেকে?** [চট্টগ্রাম বোর্ড ২০২১; কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর] ★★★
ⓚ বিনিয়োগ থেকে ⓚ ব্যবসায় থেকে
● বিচ্যুতি থেকে ⓘ লাভ–লোকসান থেকে

১২. **ডিবেঞ্চারে বিনিয়োগকারীরা কোন ঝুঁকি মোকাবিলা করে?** [স. বো. ১৫] ★★★
ⓚ ব্যবসায়িক ঝুঁকি ⓚ আর্থিক ঝুঁকি
● সুদের হারের ঝুঁকি ⓘ তারল্য ঝুঁকি

১৩. **ব্যবসায় প্রতিষ্ঠানকে কিসের ব্যবস্থাপনা করতে হয়?** ★★★
ⓚ অনিশ্চয়তার ● ঝুঁকির
ⓖ নিশ্চয়তার ⓘ মুনাফার

১৪. **কোন তহবিল উৎস ব্যবহারে দেউলিয়া হওয়ার আশঙ্কা থাকে?** ★★★
ⓚ অভ্যন্তরীণ উৎস ● বহিস্থ উৎস
ⓖ স্বল্পমেয়াদি উৎস ⓘ অপ্রাতিষ্ঠানিক উৎস

১৫. **ব্যবসায় প্রতিষ্ঠানের প্রতিটি সিদ্ধান্তের সাথে কী জড়িত থাকে?** ★★★
● ঝুঁকি ⓚ বিনিয়োগ
ⓖ অর্থ ⓘ মুনাফা

১৬. **আদর্শ বিচ্যুতির ছোট মান কী নির্দেশ করে?** [কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর; চট্টগ্রাম কলেজিয়েট স্কুল ও কলেজ] ★★★
ⓚ ঝুঁকিহীন ⓚ বেশি ঝুঁকি
ⓖ অনিশ্চয়তা ● কম ঝুঁকি

১৭. **প্রত্যাশিত আয় ও বাস্তব আয় সব সময় সমান হওয়াকে কী বলে?** ★★★
ⓚ ঝুঁকিবহির্ভূত আয় ● ঝুঁকিমুক্ত আয়
ⓖ ঝুঁকিযুক্ত আয় ⓘ আর্থিক ঝুঁকি

১৮. **মেয়াদি আমানত হতে কোন ধরনের আয় পাওয়া যায়?** ★★★
● ঝুঁকিমুক্ত ⓚ ঝুঁকিবহুল

PARTHIB BOOKS

ⓖ সবচেয়ে ঝুঁকিমুক্ত ⓘ সবচেয়ে ঝুঁকিবহুল

**১৯. কোনটি ঝুঁকিমুক্ত আয়? ★★★**

● আমানতের সুদ ⓚ মুনাফা

ⓖ নির্ধারিত আয়সীমা ⓘ কমিশন

**২০. যেসব আয়ের সাথে ঝুঁকি জড়িত যেসব আয়কে কা বলে? ★★★**

ⓚ অনিশ্চিত আয় ● ঝুঁকিবহুল আয়

ⓖ করমুক্ত আয় ⓘ বিমাকৃত আয়

**২১. কোন উৎস থেকে তহবিল সংগ্রহ করলে মুনাফাসংক্রান্ত অনিশ্চয়তা সৃষ্টি হয়? ★★**

● অভ্যন্তরীণ উৎস ⓚ বহিস্থ উৎস

ⓖ স্বল্পমেয়াদি উৎস ⓘ দীর্ঘমেয়াদি উৎস

**২২. বহিস্থ উৎস থেকে অর্থায়ন করলে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়? ★★★**

ⓚ ব্যবসায়িক ঝুঁকি ● আর্থিক ঝুঁকি

ⓖ তারল্য ঝুঁকি ⓘ সুদ হারের ঝুঁকি

**২৩. কিসের সুদ প্রদান করা বাধ্যতামূলক? ★★★**

ⓚ অভ্যন্তরীণ তহবিলের ● ঋণ মূলধনের

ⓖ শেয়ার বিক্রয়লব্ধ অর্থের ⓘ অবণ্টিত মুনাফার

**২৪. আয়ের উত্থান–পতন কিসের ধারণা? ★★★**

ⓚ মুনাফা ⓚ ক্ষতির

● ঝুঁকির ⓘ ব্যয়ের

**২৫. ঝুঁকিবহুল আয় কোনটি? ★★★**

ⓚ ট্রেজারি বিলের সুদ ⓚ বিনিয়োগের সুদ

ⓖ স্থায়ী আমানতের সুদ ● লভ্যাংশ প্রাপ্তি

**২৬. সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত আয় কী ধরনের আয়? ★★★**

ⓚ ঝুঁকিমুক্ত আয় ⓚ ঝুঁকিবহুল আয়

ⓖ সবচেয়ে ঝুঁকিমুক্ত আয় ● সবচেয়ে ঝুঁকিবহুল আয়

**২৭. ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কিসের ওপর নির্ভর করে? ★★★**

ⓚ ঋণের চাহিদা ⓚ বিনিয়োগ মূল্য

ⓖ শেয়ারমূল্য ● পণ্যের বাজার চাহিদা

**২৮. ব্যবসায় শুরু করার পূর্বে কোনটি করা অত্যাবশ্যক? ★★★**

ⓚ সঠিক পরিকল্পনা গ্রহণ ● বাজার চাহিদা নিরূপণ

ⓖ ঝুঁকি নির্ণয় ⓘ দক্ষ কর্মী নির্বাচন

**২৯. কোনটিতে বিনিয়োগ করলে তারল্য ঝুঁকি কম থাকে? ★★★**

ⓚ বন্ড ⓚ ডিবেঞ্চার

● শেয়ার ⓘ ঋণপত্র

PAPHUB BOOKS

৩০. **কিসের কারণে ব্যবসায় প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল না পাওয়ার সম্ভাবনা দেখা দেয়?** ★★★
ক ভাগ্যের　　খ মুনাফার
গ অনিশ্চয়তার　　● ঝুঁকির

৩১. **ব্যবসায় প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে ঝুঁকি কত প্রকার?** ★★★
● ২　　খ ৩
গ ৪　　ঘ ৫

৩২. **নিচের কোনটি ব্যবসায় প্রতিষ্ঠানের দৃষ্টিকোণ থেকে ঝুঁকির উৎস?** ★★★
ক তারল্য ঝুঁকি　　● আর্থিক ঝুঁকি
গ সুদ হারের ঝুঁকি　　ঘ ব্যবসায়িক ঝুঁকি

৩৩. **পরিচালন ব্যয় কোনটি?** ★★★
● কাঁচামাল ক্রয়　　খ পুরাতন গাড়ি মেরামত করা
গ অবচয়　　ঘ আয়কর

৩৪. **খরচ পরিশোধের অক্ষমতা থেকে কী সৃষ্টি হয়?** ★★★
ক আর্থিক ঝুঁকি　　খ তারল্য ঝুঁকি
● ব্যবসায়িক ঝুঁকি　　ঘ সুদ হারের ঝুঁকি

৩৫. **আয়ের উত্থান পতন বেশি হলে কোনটি ঘটে থাকে?** ★★★
● ঝুঁকির পরিমাণ বৃদ্ধি　　খ ঝুঁকির পরিমাণ হ্রাস
গ অনিশ্চয়তার পরিমাণ বৃদ্ধি　　ঘ অনিশ্চয়তার পরিমাণ হ্রাস

৩৬. **ঝুঁকির একটি অন্যতম ধারণা কোনটি হতে পারে?** ★★★
ক অর্থের স্বল্পতা　　খ অর্থের প্রাচুর্যতা
● আয়ের উত্থান পতন　　ঘ আয়ের ক্রমাগত বৃদ্ধি

৩৭. **অফিস খরচ, বিমা খরচ ইত্যাদি পরিশোধের অক্ষমতা থেকে কী সৃষ্টি হয়?** ★★
ক আর্থিক ক্ষতি　　খ মূলধনের স্বল্পতা
● ব্যবসায়িক ঝুঁকি　　ঘ মুনাফার অনিশ্চয়তা

৩৮. **কোন ক্ষেত্রে ব্যবসা প্রতিষ্ঠানে ঝুঁকির তাৎপর্যপূর্ণ ভূমিকা রয়েছে?** ★★★
● সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে　　খ পরিকল্পনা প্রণয়নে
গ পরিচালনার ক্ষেত্রে　　ঘ মূলধন সংগ্রহে

৩৯. **ঝুঁকির পরিমাপ করা হয়—** ★★★
i. বিভিন্ন কৌশল অবলম্বন করে
ii. সঠিক পরিকল্পনার মাধ্যমে
iii. প্রতিষ্ঠানের ব্যয় কমিয়ে এনে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　　খ i ও iii

PARTHIB BOOKS

Ⓖ ii ও iii　　Ⓖ i, ii ও iii

৪০. **ঝুঁকি ও অনিশ্চয়তা ব্যবসায় প্রতিষ্ঠানকে কী অর্জনে বাধা দেয়?** ★★★

ⓚ মুনাফা　　● লক্ষ্য

ⓖ সমৃদ্ধি　　ⓖ সুনাম

৪১. **প্রত্যাশিত ও প্রাপ্ত ফলাফলের বিচ্যুতি থেকে কী সৃষ্টি হয়?** ★★★

● ঝুঁকি　　ⓚ অনিশ্চয়তা

ⓖ মুনাফা　　ⓖ ক্ষতি

৪২. **কোনটি থেকে ঝুঁকির সৃষ্টি হয়?** ★★★

ⓚ আয়　　ⓚ ব্যয়

ⓖ মুনাফা　　● অনিশ্চয়তা

৪৩. **ব্যবসায় প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্তের প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফল থেকে ভিন্ন হওয়ার সম্ভাবনাকে কী বলা হয়?** ★★★

ⓚ ক্ষতি　　ⓚ অনিশ্চয়তা

● ঝুঁকি　　ⓖ লাভ

৪৪. **প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে কী বলে?** ★★★

● ঝুঁকি　　ⓚ অনিশ্চয়তা

ⓖ দুর্ঘটনা　　ⓖ অপ্রত্যাশিত ঘনা

৪৫. **তারল্য ঝুঁকির সম্মুখীন হতে হয়—** [হরিমোহন সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জ]

i. শেয়ার হোল্ডারকে

ii. বন্ড হোল্ডারকে

iii. ডিবেঞ্চার হোল্ডারকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii　　ⓚ i ও iii

● ii ও iii　　ⓖ i, ii ও iii

৪৬. **ঝুঁকিমুক্ত আয়ের উদাহরণ হলো—** [মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়] ★★★

i. শেয়ার বাজারে অর্থ বিনিয়োগ করা

ii. সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ক্রয় করা

iii. জাতীয় সঞ্চয়পত্র ক্রয় করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii　　ⓚ i ও iii

● ii ও iii　　ⓖ i, ii ও iii

৪৭. **ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয়ের অন্তর্ভুক্ত। কারণ—** [অগ্রণী গার্লস স্কুল এন্ড কলেজ] ★★★

i. সরকার কর্তৃক ইস্যুকৃত

PARTHIB BOOKS

ii. আয়ের পরিমাণ বেশি

iii. বিনিয়োগের প্রকৃত আয় প্রত্যাশিত আয়ের সমান

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii

ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও :**

মি. রাতুল একজন ব্যবসায়ী। তিনি গত বছর ২৫% লাভ করেছেন। এ বছরও তিনি অনুরূপ লাভ করবেন বলে আশা করেছিলেন। কিন্তু নানাবিধ কারণে তিনি লক্ষ্যমাত্রা অর্জন করতে ব্যর্থ হন। এ বছর তিনি মাত্র ১০% লাভ করেন। [বি এ এফ শাহীন কলেজ, চট্টগ্রাম]

৪৮. **মি. রাতুলের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হওয়াকে কী বলে আখ্যায়িত করা যায়?**

● ঝুঁকি ⓚ অনিশ্চয়তা

ⓖ বিচ্যুতি ⓘ আদর্শ বিচ্যুতি

৪৯. **মি. রাতুলের প্রত্যাশিত লাভের জন্য করণীয়—**

i. প্রতিষ্ঠানের কোন ক্ষেত্রে ঝুঁকি রয়েছে তা চিহ্নিত করা

ii. ঝুঁকির স্থায়িত্ব বিশ্লেষণ করা

iii. ঝুঁকি মোকাবিলার সম্ভাব্য কৌশল নির্ধারণ করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii

ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** জনাব মেহরাজ ৫ বছর পূর্বে 'স্মৃতি লি.' ও 'ঐশী লি.' নামক দুইটি কোম্পানির শেয়ারে অর্থ বিনিয়োগ করেন। নগদ অর্থের প্রয়োজন হওয়ায় তিনি একটি কোম্পানির শেয়ার বিক্রি করে দিতে চান। কিন্তু বাজারে শেয়ারের মূল্য কমে যাওয়ায় তিনি প্রত্যাশিত মূল্যে তা বিক্রয় করতে পারছেন না। 'স্মৃতি লি.' এর আদর্শ বিচ্যুতি ৩.৪৫%। 'ঐশী লি.' থেকে আগামী ৫ বছরে প্রাপ্ত আয় হার যথাক্রমে ৮%, ১০%, ৬%, ৪% এবং ২%। [যশোর বোর্ড ২০২১] ★★★

ক. অনিশ্চয়তা কী?

খ. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বোঝায়?

গ. জনাব মেহরাজ কোন ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর।

ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব মেহরাজের কোন কোম্পানির শেয়ার বিক্রয় করে দেওয়া উচিত? মতামত দাও।

PERTHIB BOOKS

**প্রশ্ন ২** জেনার সোনালী শীতকালে অধিক শীত অনুমান করে একটি শীত বস্ত্রের দোকান দেন। এর সাথে অন্য মালামালও বিক্রি করেন। মুনাফা আলোই হচ্ছিল। হঠাৎ বেশি পরিমাণে কাঁচামাল ক্রয়ের কারণে অর্থের অভাব দেখা দিলে তিনি ব্যবসায় পরিচালনা করতে আর্থিক সমস্যার সম্মুখীন হচ্ছিলেন। এক ব্যক্তির পরামর্শে ব্যাংক থেকে ঋণ নেন তিনি। [চট্টগ্রাম বোর্ড ২০২১] ★★★

ক. আদর্শ বিচ্যুতি কী?

খ. ঝুঁকিবহুল আয় কী? ব্যাখ্যা কর।

গ. জনাব সোনালী তার ব্যবসায়ে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর।

ঘ. জনাব সোনালী ব্যাংক থেকে ঋণ নিয়ে ঝুঁকি এড়াতে সক্ষম হবেন কি? কারবারি অর্থায়ন নীতির আলোকে বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৩** জনাব মন্দির একজন বিনিয়োগকারী। তিনি মূলধনের ৪০% সাধারণ শেয়ার এবং ৬০% বন্ড থেকে অর্থায়ন করেন। তার নিকট বিনিয়োগের জন্য 'A' ও 'B' নামে দুটি প্রকল্প রয়েছে। আশা করা হচ্ছে প্রকল্প 'A' থেকে আগামী ৫ বছরে আয় হবে যথাক্রমে ১০%, ১২%, -৭%, ০% ও ১৫% এবং প্রকল্প 'B' এর আদর্শ বিচ্যুতি ১২%। [সিলেট বোর্ড ২০২১] ★★★

ক. ঝুঁকি কী?

খ. পে-ব্যাক সময় পদ্ধতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।

গ. জনাব মনিরের অর্থায়নের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? বর্ণনা কর।

ঘ. জনাব মনিরের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? আদর্শ বিচ্যুতি নির্ণয়ের মাধ্যমে মতামত দাও।

**প্রশ্ন ৪** জনাব মিলকান তার ব্যবসায়ের সঞ্চিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করেন। শেয়ারবাজারের অনবরত দরপতনের কারণে তিনি তার শেয়ারগুলো বিক্রি করে ৫ বছরের জন্য বন্ডে বিনিয়োগ করেন। হঠাৎ তার ব্যবসায়ে অর্থসংকট দেখা দিলে, তিনি বন্ড বিক্রির সিদ্ধান্ত নেন। কিন্তু বন্ডের জন্য উপযুক্ত ক্রেতা পাওয়া না যাওয়ায় তিনি খুব হতাশ হন। পরবর্তীতে বন্ডের মেয়াদপূর্তির পর টাকা হাতে আসলে, তিনি 'ইলসা' ও 'নিলিমা' নামক দুটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেন। 'ইলসা' প্রকল্প হতে ৫ বছরে আয়ের হার যথাক্রমে ১০%, ২০%, -৫%, ১৫% ও ৩৫% এবং নিলিমা প্রকল্পের গড় আয় ১২%। [ময়মনসিংহ বোর্ড ২০২১] ★★★

ক. ঝুঁকি কী?

খ. 'শ্রমিকের মজুরি' পরিশোধের অক্ষমতা থেকে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?

PARTHIB BOOKS

গ. জনাব মিলকানের প্রাথমিকভাবে বিনিয়োগের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? বর্ণনা কর।

ঘ. 'নিলিমা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৮.৫% হলে, কোন প্রকল্পে জনাব মিলকানের বিনিয়োগ করা যৌক্তিক? 'ইলসা' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৫** জনাব হাবিবা তিতাস ব্যাংক থেকে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করে মা বস্ত্রালয়' নামে একটি ব্যবসা শুরু করেন। কিন্তু প্রতিষ্ঠানটি ঋণের সুদ পরিশোধে ব্যর্থ হলে তিতাস ব্যাংক এক পর্যায়ে আইনের আশ্রয় গ্রহণ করে । অপরদিকে হাবিবার বড় ভাই জনাব হাবিবুল্লাহ শাপলা ও গোমতি প্রকল্পের যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান। শাপলা প্রকল্পের সম্ভাব্য ৫ বছরের আয় যথাক্রমে ১৫%, ১০%, ৭%, ১৮% ও ২০%। অপরদিকে গোমতি প্রকল্পের গড় আয় ১১.২% ও আদর্শ বিচ্যুতি ১৪.৮%। [ঢাকা বোর্ড ২০২০] ★★★

ক. অনিশ্চয়তা কী?

খ. সাধারণ শেয়ারের লভ্যাংশ কেন ঝুঁকিবহুল আয়? ব্যাখ্যা কর।

গ. মা বস্ত্রালয়' কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছে? বর্ণনা কর।

ঘ. জনাব হাবিবুল্লাহর জন্য কোন প্রকল্পটি উপযুক্ত বলে তুমি মনে কর? গাণিতিক উপায়ে মতামত দাও।

**প্রশ্ন ৬** জনাব হিরোয়ার লাভের আশায় 'সাহারা' ও 'লামিয়া' নামক দুটি প্রকল্পের যে কোনো একটিতে বিনিয়োগ করতে ইচ্ছুক। সাহারা কোম্পানির শেয়ার বিনিয়োগ থেকে ৫ বছরের আয়ের হার যথাক্রমে ১২%, ১৪%, ৮%, ২০% ও ২১%। একই সময়ে লামিয়া কোম্পানির আয়ের গড় ও আদর্শ বিচ্যুতি যথাক্রমে ২০% ও ৫.৪৮%। [ময়মনসিংহ বোর্ড ২০২১] ★★★

ক. অনিশ্চয়তা কী?

খ. ব্যাংক থেকে ১০% সুদে ৪০ লক্ষ টাকা ঋণ নিয়ে, সময়মতো পরিশোধ করতে না পারলে, কোন ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা কর।

গ. মি. ছরোয়ারের 'সাহারা কোম্পানিতে' বিনিয়োগ কোন ধরনের আয়? ব্যাখ্যা কর।

ঘ. সাহারা কোম্পানির আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক জনাব ছরোয়ারের জন্য কোন কোম্পানিতে বিনিয়োগ অধিক লাভজনক হবে? যুক্তি দাও।

**প্রশ্ন ৭** জনাব মফিজ মৎস্য প্রকল্পে অর্থ বিনিয়োগ করে ক্ষতিগ্রস্ত হন। উক্ত ব্যবসায়ে তার ঝুঁকি ছিল ১৩%, আয় হার ছিল ১৪%। তার বন্ধুর পরামর্শে আলু চাষ করে বিগত

PARTHIB BOOKS

২০১৫ সাল থেকে ৫ বছরের প্রাপ্ত আয় যথাক্রমে ১৫%, ১০%, ৫%, ২৩% এবং ২৭%। [ঢাকা বোর্ড ২০২১] ★★★

ক. আদর্শ বিচ্যুতি কী?

খ. কখন তারল্য ঝুঁকির সৃষ্টি হয়? ব্যাখ্যা কর।

গ. জনাব মফিজের ব্যবসায়টির ঝুঁকি পরিমাপ কর।

ঘ. জনাব মফিজের আলু চাষ প্রকল্পের গ্রহণযোগ্যতা বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৮** সোনারগাঁ জামদানি হাউজ বাংলাদেশের জামদানি শাড়ির প্রস্তুতকারক ও রপ্তানিকারক একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি তার উৎপাদিত শাড়ির একটি বৃহৎ অংশ ভারতে রপ্তানি করে। সম্প্রতি এক প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড়ের কারণে দেশটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। ভারতের অর্থনীতিতে এই ঝড় নেতিবাচক প্রভাব ফেলায় সোনারগাঁ জামদানি হাউজের রপ্তানি পূর্বের তুলনায় অনেক কমে যায়। তাই সোনারগাঁ জামদানি হাউজের শেয়ারহোল্ডাররা তাদের লভ্যাংশ পাওয়ার ব্যাপারে বেশ চিন্তিত। ★★★

ক. ঝুঁকি কিসের পরিমাপযোগ্য অংশ?

খ. শেয়ার থেকে প্রাপ্ত আয়কে ঝুঁকিবহুল আয় বলা হয় কেন?

গ. সোনারগাঁ জামদানি হাউজের শেয়ারহোল্ডাররা কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হবেন? বর্ণনা কর।

ঘ. সোনারগাঁ জামদানি হাউজের ওপর ঘূর্ণিঝড়ের প্রভাব বর্ণনা কর।

## জ্ঞানমূলক

১। আদর্শ বিচ্যুতি কী? [ঢা. বো. ২১; চ. বো. ২১; সি. বো. ২১] ★★★

উত্তর : আদর্শ বিচ্যুতি হচ্ছে ঝুঁকি পরিমাপের এমন একটি পদ্ধতি যার মাধ্যমে অতীতে অর্জিত আয় থেকে গড় আয় হারের পার্থক্যের বর্গের সমষ্টিকে বছরের সংখ্যা দ্বারা ভাগ করা হয় এবং ভাগফলকে বর্গমূল করা হয়।

২। ঝুঁকি কী? [চ. বো. ২১; সি. বো. ২১, ২০; ম. বো. ২১] ★★★

উত্তর : প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফল থেকে ভিন্ন হওয়ার সম্ভাবনাকেই ঝুঁকি বলে।

৩। প্রত্যাশার বাইরে কোনোকিছু ঘটার সম্ভাবনাকে কী বলে? [য. বো. ১৯; সকল বোর্ড ১৫]

উত্তর : প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে ঝুঁকি বলে।

৪। অনিশ্চয়তা কী? [ঢা বো. ২০; য. বো. ২১, ২০; সি. বো. ১৯, ম. বো. ২১] ★★★

উত্তর : ভবিষ্যতে কোনো একটি ঘটনা ঘটা বা না ঘটার সম্ভাবনাকে যখন গাণিতিকভাবে নির্ণয় করা যায় না তখন তাকে অনিশ্চয়তা বলে।

৫। ট্রেজারি বিল কে ইস্যু করে? [ব. বো. ২০. ম. বো. ২০] ★★★

উত্তর : ট্রেজারি বিল ইস্যু করে সরকার।

PARTHIB BOOKS

৬। কোনটি পরিমাপ করা যায় না? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ]
উত্তর : অনিশ্চয়তা পরিমাপ করা যায় না।
৭। কী পরিহার করা অসম্ভব? ★★★
উত্তর : অনিশ্চয়তা হ্রাস বা পরিহার করা অসম্ভব।
৮। ঋণ মূলধনের জন্য কী প্রদান করা বাধ্যতামূলক? [রা. বো. ২১] ★★★
উত্তর : ঋণ মূলধনের জন্য সুদ প্রদান করা বাধ্যতামূলক।
৯। আর্থিক ঝুঁকি কী? [রা. বো ২০, কু. বো. ২১] ★★★
উত্তর : দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে।
১০। ব্যবসায়িক ঝুঁকি কী? [চ. বো. ২০, ব. বো. ১৯] ★★★
উত্তর : পরিচালন খরচ পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে ব্যবসায়িক ঝুঁকি বলে।
১১। কোনটি থেকে ঝুঁকির সৃষ্টি হয়? [সকল বোর্ড ১৭] ★★★
উত্তর : অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি হয়।
১২। অতিরিক্ত স্থায়ী খরচের প্রবণতা কোন ধরনের ঝুঁকি? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর] ★★★
উত্তর : অতিরিক্ত স্থায়ী খরচের প্রবণতা ব্যবসায়িক ঝুঁকি।
১৩। ঝুঁকিমুক্ত আয় কী? [রা. বো. ১৯] ★★★
উত্তর : যেসব বিনিয়োগ থেকে আয় পাওয়ার ক্ষেত্রে ঝুঁকি বিদ্যমান থাকে না সেসব আয়কে ঝুঁকিমুক্ত আয় বলে।
১৪। দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়? ★★★
উত্তর : দায় পরিশোধের অক্ষমতা থেকে আর্থিক ঝুঁকি সৃষ্টি হয়।
১৫। কোন আয় সবচেয়ে ঝুঁকিবহুল? ★★★
উত্তর : সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত আয় সবচেয়ে ঝুঁকিবহুল।
১৬। ঝুঁকিবহুল আয় কী? ★★★
উত্তর : যেসব বিনিয়োগ থেকে আয় পাবার ক্ষেত্রে ঝুঁকি বিদ্যমান থাকে সেসব আয়কে ঝুঁকিবহুল আয় বলে।
১৭। আর্থিক ক্ষতি হবার সম্ভাবনাকে কী বলে? [সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা] ★★★
উত্তর : আর্থিক ক্ষতি হবার সম্ভাবনাকে ঝুঁকি বলে।
১৮। আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? [সকল বোর্ড ১৮] ★★★
উত্তর : আদর্শ বিচ্যুতি একটি পরিসংখ্যানিক পদ্ধতি।
১৯। আদর্শ বিচ্যুতি ব্যবহার করে কোনটি পরিমাপ করা হয়? [কু. বো. ১৯] ★★★

PARTHIB BOOKS

উত্তর : আদর্শ বিচ্যুতি ব্যবহার করে ঝুঁকি পরিমাপ করা হয়।

২০। সাধারণত আদর্শ ঝুঁকির বড় মান কী নির্দেশ করে? [চ. বো. ১৯] ★★★

উত্তর : সাধারণত আদর্শ ঝুঁকির বড় মান অধিক ঝুঁকি নির্দেশ করে।

## অনুধাবনমূলক

১. আয় হার বলতে কী বোঝায়? ★★★

২. বহিস্থ অর্থায়নে বেশি ঝুঁকি কেন? ★★★

৩. ঝুঁকি পরিমাপ করতে হয় কেন? ★★★

৪. শেয়ারে তারল্য ঝুঁকি কম কেন? ব্যাখ্যা কর। ★★

৫. ব্যবসায় প্রতিষ্ঠান কীভাবে আর্থিক ঝুঁকি মোকাবিলা করতে পারে? ★★

৬. আর্থিক ঝুঁকি ব্যাখ্যা কর। ★★★

৭. আদশ বিচ্যুতি ব্যাখ্যা কর। ★★★

৮. পরিচালনা ব্যয় বলতে কী বোঝায়? ★★

PARTHIB BOOKS

# অধ্যায় ৫

# মূলধনি আয়-ব্যয় প্রাক্কলন

## সৃজনশীল বহুনির্বাচনি

১. **মূলধন বাজেটিং কোন ধরনের প্রক্রিয়া?** [যশোর বোর্ড ২০২০] ★★★

● মূল্যায়ন ⓚ বিনিয়োগ

ⓖ সিদ্ধান্ত ⓘ নীতি

২. **মূলধন বাজেটিং-এর পদ্ধতি কয়টি?** [চট্টগ্রাম বোর্ড ২০১১; বরিশাল বোর্ড ২০২০; দিনাজপুর বোর্ড ২০২১; কুমিল্লা বোর্ড ২০২১; সকল. বো. ২০১৫] ★★★

ⓚ দুইটি ⓚ তিনটি

● চারটি ⓘ পাঁচটি

৩. **মূলধন বাজেটিং প্রক্রিয়ায় জড়িত ধাপ–** [সকল. বো. ২০১৫] ★★★

● বাট্টার হার নির্ধারণ ⓚ মুনাফার হার নির্ধারণ

ⓖ ঝুঁকির হার নির্ধারণ ⓘ সুদের হার নির্ধারণ

৪. **গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি?** [সকল. বো. ২০১৫] ★★★

ⓚ $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$ ● $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$

ⓖ $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$ ⓘ $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$

৫. **কোনটি বিনিয়োগ প্রকল্পের আয়–ব্যয় প্রাক্কলন শেষ করে নির্ধারণ করা হয়?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★

● নিট মুনাফা ⓚ লিভারেজ

ⓖ বাট্টা হার ⓘ নগদ প্রবাহ

৬. **আয় থেকে ব্যয় বাদ দিলে কী পাওয়া যায়?** [আই.ই.টি সরকারি উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ]

ⓚ মোট দেয় কর ● মোট মুনাফা

ⓖ মোট ক্ষতি ⓘ মোট শেয়ার

৭. **মোট মুনাফা থেকে কর বাদ দিলে কোনটি পাওয়া যায়?** [আই.ই.টি সরকারি উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ] ★★★

ⓚ অবচয় ⓚ নগদ প্রবাহ

ⓖ সঞ্চিতি ● নিট মুনাফা

৮. **নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়?** [ক্যান্টনমেন্ট হাইস্কুল, যশোর]

● নগদ আন্তঃপ্রবাহ ⓚ ক্রমযোজিত নগদ প্রবাহ

PARTHIB BOOKS

Ⓖ পরিচালন নগদ প্রবাহ　Ⓖ নগদ বহিঃপ্রবাহ

৯. **উৎপাদন পদ্ধতি প্রতিস্থাপন ও আধুনিকায়নে কিসের প্রয়োগ লক্ষ করা যায়?** [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা] ★★★

● মূলধন বাজেটিংয়ের

Ⓚ অর্থের সময়মূল্যের

Ⓖ বহিস্থ তহবিলের

Ⓖ গড় মূলধন ব্যয়ের

১০. **কোন উৎস থেকে প্রতিষ্ঠানে আন্তঃনগদ প্রবাহ ঘটে?** [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা] ★★★

● বিক্রয়　Ⓚ নিট মুনাফা

Ⓖ গড় বিনিয়োগ　Ⓖ ক্রয়

১১. **প্রতিষ্ঠানের চলতি খরচ এবং স্থায়ী খরচ একত্র করলে কোনটি পাওয়া যায়?** [সরকারি অগ্রগামী উচ্চ বিদ্যালয়, সিলেট] ★★★

Ⓚ মোট আয়　Ⓚ মোট মুনাফা

Ⓖ মোট আয়কর　● মোট ব্যয়

১২. **প্রত্যাশিত বার্ষিক গড় নিট মুনাফাকে গড় বিনিয়োগ দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?** [মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর] ★★★

● গড় মুনাফার হার　Ⓚ পে–ব্যাক সময়

Ⓖ ক্রমযোজিত নগদ প্রবাহ　Ⓖ নিট বর্তমান মূল্য

১৩. **ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য কোন ধরনের সিদ্ধান্তের ওপর নির্ভর করে?** ★★★

Ⓚ স্বল্পমেয়াদি বিনিয়োগ

● দীর্ঘমেয়াদি বিনিয়োগ

Ⓖ স্বল্পমেয়াদি অর্থায়ন

Ⓖ দীর্ঘমেয়াদি অর্থায়ন

১৪. **কোনটি ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনার জন্য স্থায়ী সম্পত্তি হিসেবে গণ্য হয়?** [ক্যান্টনমেন্ট হাইস্কুল, যশোর; বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট] ★★★

● যন্ত্রপাতি ক্রয়　Ⓚ দোকান ভাড়া

Ⓖ কর্মচারির বেতন　Ⓖ বিদ্যুৎ বিল

১৫. **ব্যবসায়ের প্রতিটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে কোন কাজটি করতে হয়?** [নড়াইল সরকারি মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়] ★★★

Ⓚ অর্থের সময়মূল্য নির্ধারণ

Ⓚ দীর্ঘমেয়াদি অর্থায়ন

● আয়–ব্যয় প্রাক্কলন

Ⓖ নগদ প্রবাহ অনুমান

১৬. **ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য ও টিকে থাকা নির্ভর করে কিসের ওপর?** ★★★

PARTHIB BOOKS

ⓚ মোট মুনাফা অর্জন ক্ষমতার ওপর
● দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের ওপর
ⓖ স্থায়ী সম্পত্তি অর্জনের ক্ষমতার ওপর
ⓖh সম্পত্তি নগদায়ন ক্ষমতার ওপর

১৭. **নিচের কোনটি ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তি?** ★★★
ⓚ নগদ অর্থ ⓚh কাঁচামাল
● দালানকোঠা ⓖh বিনিয়োগের সুদ

১৮. **নিচের কোনটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত?** ★★★
ⓚ কাঁচামাল ক্রয়
ⓚh শ্রমিকের মজুরি প্রদান
● উৎপাদন পদ্ধতি আধুনিকায়ন
ⓖh ঋণের সুদ প্রদান

১৯. **কোনটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে?** ★★★
● অর্থায়নের নীতিমালা
ⓚh উৎপাদন প্রক্রিয়া
ⓖ অর্থায়নের প্রক্রিয়া
ⓖh অভ্যন্তরীণ মুনাফা

২০. **বিনিয়োগ সিদ্ধান্তের আয়–ব্যয় প্রাক্কলন করে কী বিশ্লেষণ করা হয়?** ★★★
● সম্ভাব্য লাভজনকতা
ⓚh সম্ভাব্য ঝুঁকির পরিমাণ
ⓖ সম্ভাব্য লোকসান
ⓖh সম্ভাব্য সুযোগ

২১. **মূলধন বাজেটিং ব্যবসায় প্রতিষ্ঠানের কোন ধরনের সিদ্ধান্তের সাথে জড়িত?**
ⓚ স্বল্পমেয়াদি বিনিয়োগ
● দীর্ঘমেয়াদি বিনিয়োগ
ⓖ স্বল্পমেয়াদি অর্থায়ন
ⓖh দীর্ঘমেয়াদি অর্থায়ন

২২. **ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তির ক্রয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোনটি প্রয়োগ করা হয়?** ★★★
● মূলধন বাজেটিং ⓚh অবচয় পদ্ধতি
ⓖ নগদায়ন পদ্ধতি ⓖh অর্থায়ন প্রক্রিয়া

২৩. **মূলধন বাজেটিং ব্যর্থ হলে তার দায়িত্ব কাকে নিতে হয়?** ★★★
ⓚ ক্রয় ব্যবস্থাপককে ⓚh সাধারণ ব্যবস্থাপককে
ⓖ বিক্রয় ব্যবস্থাপককে ● অর্থ ব্যবস্থাপককে

PARTHIB BOOKS

২৪. **একটি প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী? ★★★**

● মুনাফা অর্জন ⓚ সেবা দান

ⓖ পণ্য উৎপাদন ⓖ বিক্রয়

২৫. **কোম্পানি নগদ প্রবাহ পাবার আশায় কী করে? ★★★**

ⓚ ঋণ গ্রহণ করে

● উপার্জনকারী সম্পত্তিতে বিনিয়োগ করে

ⓖ স্থায়ী সম্পত্তি বিক্রয় করে

ⓖ অধিক বিক্রয়ের ব্যবস্থা করে

২৬. **প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন প্রকল্পে দীর্ঘমেয়াদি বিনিয়োগ করে কেন? ★★★**

ⓚ বাট্টা হার কমানোর জন্য

ⓚ নিট বর্তমান মূল্য বৃদ্ধির জন্য

ⓖ পর্যাপ্ত পরিমাণে মোট মুনাফা অর্জনের জন্য

● পর্যাপ্ত নগদ প্রবাহ আনায়নের জন্য

২৭. **মুনাফা অর্জনে কোনটি ভূমিকা পালন করে? ★★★**

ⓚ অর্থায়ন ⓚ অর্থের সময়মূল্য

● মূলধন বাজেটিং ⓖ ঝুঁকি নির্ণয়

২৮. **কোন সিদ্ধান্তের ওপর প্রতিষ্ঠানের মুনাফা অনেকাংশে নির্ভর করে? ★★★**

● মূলধন বাজেটিং ⓚ স্বল্পমেয়াদি বিনিয়োগ

ⓖ দীর্ঘমেয়াদি বিনিয়োগ ⓖ চলতি মূলধন

২৯. **মূলধন বাজেটিং পদ্ধতি কোনটিতে বিশেষ ভূমিকা পালন করে– ★★**

ⓚ ব্যবসায়ের ম্‌নাফা বৃদ্ধি

ⓚ নিট মুনাফা বৃদ্ধি

● ব্যবসায়ের উত্তরোত্তর সমৃদ্ধি

ⓖ ব্যবসায়ের লক্ষ্য অর্জন

৩০. **স্থায়ী সম্পত্তি ক্রয়, সংযোজন, আধুনিকায়ন এবং প্রতিস্থাপনের জন্য কিসের প্রয়োজন হয়? ★★★**

● বড় অংকের তহবিল ⓚ স্বল্পমেয়াদি অর্থায়ন

ⓖ বড় অংকের মাশুল ⓖ বড় আকারের ঋণ

৩১. **স্থায়ী সম্পত্তি সম্পর্কিত সকল মূলধন বাজেটিং সিদ্ধান্তের জন্য কোনটি প্রয়োজন হয়? ★★**

● বড় অংকের তহবিল ⓚ কম বাট্টা হার

ⓖ প্রকৃত সুদের হার ⓖ অধিক নগদ প্রবাহ

৩২. **দীর্ঘমেয়াদি বিনিয়োগের সকল ক্ষেত্রে কোন কৌশল প্রয়োগ করা হয়? ★★★**

ⓚ অর্থায়নের উৎস মূল্যায়ন ⓚ লভ্যাংশ নীতি

DARTHIB BOOKS

● মূলধন বাজেটিং ⓑ মূলধন ব্যয় নির্ণয়

৩৩. **নিচের কোনটি মূলধন বাজেটিংয়ের প্রয়োগ ক্ষেত্র নয়?** ★★★

ⓚ স্থায়ী সম্পত্তির ক্রয় ⓚ পণ্য বৈচিত্র্যায়ণ

ⓖ প্রতিস্থাপন ও আধুনিকায়ন ● কাঁচামাল ক্রয়

৩৪. **কোনো কোম্পানি নতুন ব্যবসায় শুরু করতে গেলে সর্বপ্রথম কোনটির প্রয়োজন হয়?**

ⓚ চলতি সম্পত্তি ⓚ কাঁচামাল

● স্থায়ী সম্পত্তি ⓖ মজুদ পণ্য

৩৫. **মূলধন বাজেটিং প্রক্রিয়ার প্রথম ধাপে কী করা হয়?** ★★★

ⓚ নগদ প্রবাহকে নগদ মূল্যে রূপান্তর

ⓚ মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন

● বিক্রয় ও চলতি খরচ পূর্বানুমান

ⓖ বিনিয়োগ প্রকল্পের ধরন ও ঝুঁকি বিবেচনা

৩৬. **নিচের কোনটির কারণে প্রতিষ্ঠানে নগদ বহিঃপ্রবাহ ঘটে?** ★★★

ⓚ বিক্রয় ● মূলধনী ব্যয়

ⓖ বিনিয়োগের সুদ ⓖ উপভাড়া

৩৭. **নগদ প্রবাহ প্রাক্কলনে চলতি খরচ, মূলধনী ব্যয় ও অন্যান্য খরচ পূর্বানুমান থেকে কী ঘটে?** ★★★

ⓚ ক্ষতি ⓚ নগদ আন্তঃপ্রবাহ

● নগদ বহিঃপ্রবাহ ⓖ মূলধনী ব্যয়

৩৮. **প্রতিষ্ঠানের মোট ব্যয়ের মাধ্যমে কোনটি নির্ণয় করা হয়?** ★★★

ⓚ নগদ প্রবাহ

● নগদ বহিঃপ্রবাহ

ⓖ নগদ আন্তঃপ্রবাহ

ⓖ ক্রমযোজিত নগদ প্রবাহ

৩৯. **কোন প্রক্রিয়ায় ভবিষ্যতের নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করা হয়?** ★★★

ⓚ চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ায়

● বাট্টাকরণ প্রক্রিয়ায়

ⓖ অর্থায়ন প্রক্রিয়ায়

ⓖ বিনিয়োগ প্রক্রিয়ায়

৪০. **ভবিষ্যৎ নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করতে কোনটি প্রয়োজন?** ★★★

ⓚ নিট মুনাফা ● বাট্টা হার

ⓖ নিট বর্তমান মূল্য ⓖ মূলধন ব্যয়

৪১. **প্রতিষ্ঠানের মূলধন খরচকে মূলধন বাজেটিং প্রক্রিয়ায় কী হিসেবে ব্যবহার করা হয়?**

ⓚ চক্রবৃদ্ধি হার ● বাট্টা হার

DARTHIB BOOKS

Ⓖ মোট খরচ Ⓖ চলতি খরচ

৪২. **নিচের কোনটি প্রতিষ্ঠানের বিনিয়োগ সিদ্ধান্তে সঠিক দিক নির্দেশনা দেয়?** ★★★

● মূলধন বাজেটিং পদ্ধতি

Ⓚ শেয়ারে বিনিয়োগ পদ্ধতি

Ⓖ মূলধন ব্যয় নির্ণয় পদ্ধতি

Ⓖ কারবারি অর্থায়ন পদ্ধতি

৪৩. **মূলধন বাজেটিং পদ্ধতিসমূহের কাজ কী?** ★★★

● লাভজনক প্রকল্প নির্বাচন

Ⓚ সম্ভাব্য প্রকল্প নির্ণয়

Ⓖ বাট্টা হার নির্ণয়

Ⓖ মুনাফা হার নির্ণয়

৪৪. **মূলধন বাজেটিং পদ্ধতির ব্যবহার কোথায় লক্ষ করা যায়?** ★★★

Ⓚ আর্থিক ফলাফল বিশ্লেষণে

● বিনিয়োগ প্রকল্প মূল্যায়নে

Ⓖ নগদ লভ্যাংশ মূল্যায়নে

Ⓖ মুনাফার পর্যাপ্ততা নির্ণয়ে

৪৫. **মূলধন বাজেটিংয়ের সবচেয়ে সহজ পদ্ধতি কোনটি?** ★★★

● গড় মুনাফার হার

Ⓚ পে–ব্যাক সময়

Ⓖ নিট বর্তমান মূল্য

Ⓖ অভ্যন্তরীণ মুনাফা হার

৪৬. **কী হতে প্রাপ্ত তথ্যাদি গড় মুনাফা নির্ধারণে ব্যবহার করা হয়?** ★★

Ⓚ উৎপাদন বিবরণী

Ⓚ অনুপাত বিশ্লেষণ

● আর্থিক প্রতিবেদন

Ⓖ গড় মূলধনী ব্যয়

৪৭. **গড় মুনাফার হার পদ্ধতিতে নগদ প্রবাহের পরিবর্তে কোনটি বিবেচনা করা হয়?**

Ⓚ প্রকৃত সুদের হার

Ⓚ বাট্টা হার

● নিট মুনাফা

Ⓖ গড় মূলধন ব্যয়

৪৮. **মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন করতে হয়**–[স. বো. ১৫] ★★★

i. নগদ প্রবাহ প্রাক্কলনের পর

ii. বাট্টা হার নির্ধারণের পর

PARTHIB BOOKS

iii. বহিঃপ্রবাহ নির্ধারণের পর

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii　　ⓚ i ও iii

ⓖ ii ও iii　　ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নের উত্তর দাও :**

অরিন নিজস্ব অর্থায়নে আরোগ্য নিকেতন নামে একটি নার্সিং হোম প্রতিষ্ঠা করেন।

৪৯. **অরিন মূলধন বাজেটিং–এ কোন সিদ্ধান্ত নেবেন?** [স. বো. ১৫] ★★★

ⓚ ঔষধ ক্রয়　　ⓚ প্যাড তৈরি

ⓖ মূল্য নির্ধারণ　　● এক্সরে মেশিন ক্রয়

**নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নের উত্তর দাও :**

বিহঙ্গ এন্টারপ্রাইজ একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে যা থেকে আগামী ৫ বছরে নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। পে–ব্যাক সময় পদ্ধতিতে প্রকল্পটির মূলধন বাজেটিং করা হয়। [স. বো. ১৫]

৫০. **প্রকল্পটির পে–ব্যাক সময় কত?** ★★★

● ৩ বছর

ⓚ ৩ বছর ৬ মাস

ⓖ ৪ বছর ৬ মাস

ⓘ ৫ বছর

৫১. **প্রকল্পটির মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের সীমাবদ্ধতা হলো–** ★★★

i. সবকটি বছরের নগদ প্রবাহ গণনা করা হয়নি

ii. বিনিয়োগকৃত টাকার সময়মূল্য বিবেচিত হয়নি

iii. লাভের কোনো নির্দিষ্ট হার নেই

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii

ⓚ i ও iii

ⓖ ii ও iii

● i, ii ও iii

## সৃজনশীল রচনামূলক

**প্রশ্ন ১** 'আরাধ্যা এন্টারপ্রাইজ' তিন বছর মেয়াদি একটি প্রকল্পে ২০ লক্ষ টাকা বিনিয়োগ করল। প্রতিষ্ঠানটি আশা করছে উক্ত প্রকল্প থেকে বিক্রয় বাবা আগামী তিন বছরে যথাক্রমে ১২ লক্ষ, ১৩ লক্ষ ও ১৫ লক্ষ টাকা অর্জিত হবে। উক্ত প্রকল্পে প্রতিবছর চলতি

PARTHIB BOOKS

খরচ বাবদ ব্যয় হবে ৪০%। এছাড়া স্থায়ী খরচ প্রতিবছর ৩ লক্ষ টাকা, অবচয় ২ লক্ষ টাকা এবং কর ৩০% অনুমান করা হয়েছে। প্রতিষ্ঠানটি ঝুঁকি হ্রাসের চিন্তা করে বাজারে নতুন পণ্য ছাড়ার প্রস্তুতি নিচ্ছে। [কুমিল্লা বোর্ড ২০২০] ★★★

ক. মূলধন বাজেটিং কী?

খ. পে-ব্যাক সময় পদ্ধতির সীমাবদ্ধতা ব্যাখ্যা কর।

গ. আরাধ্যা এন্টারপ্রাইজের গড় মুনাফার হার নির্ণয় কর।

ঘ. আরাধ্যা এন্টারপ্রাইজ ঝুঁকি হ্রাসের মূলধন বাজেটিং-এর কোন ক্ষেত্রটি বিবেচনায় এনেছে?

**প্রশ্ন ২** জনাব জুয়েল ফিন্যান্সের মূল্যায়ন প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ না করেই নিজ বাড়িতে ৫ লক্ষ টাকা বিনিয়োগ করে জুতা তৈরির কারখানা স্থাপন করেন। এতে প্রথম ৩ বছরে চলতি ও স্থায়ী খরচ এবং অবচয় বাদ দেওয়ার পর আয়ের অবস্থা দাঁড়ায় যথাক্রমে৮,০০০/-, (২,৫০০/-), (১,৯০০/-)। ফলে তিনি কারখানা বন্ধ করতে বাধ্য হন। অপরদিকে জনাব মেহেদী তার নিজ এলাকায় ,০০,০০০ টাকা বিনিয়োগ করে শিশু পোশাক তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত নেন। তিনি অনুমান করলেন ১ম, ২য়, ৩য় ও ৪র্থ আয় হতে পারে যথাক্রমে ৮0,000/-, ৫,000/-. ১,৩৫,০০০/- ও ২,০০,০০০ টাকা। জনাব মেহেদী বিনিয়োগকৃত টাকা ৪ বছরের মধ্যেই ফেরত পাবেন বলে অনুমান করছেন। [চট্টগ্রাম বোর্ড ২০১৯] ★★★

ক. ব্যবসায়ের ব্যর্থতার দায় কাকে নিতে হয়?

খ. সেলুনের জন্য এয়ার কন্ডিশন মেশিন ক্রয় কেন দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত?

গ. ফিন্যান্স মূল্যায়নে কোন প্রক্রিয়া অনুসরণ না করায় জনাব জুয়েল কারখানা বন্ধ করতে বাধ্য হলেন? ব্যাখ্যা কর।

ঘ. "পে-ব্যাক সময়" পদ্ধতি প্রয়োগ করে জনাব মেহেদীর সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর।

**প্রশ্ন ৩** মারজানা কেমিক্যাল একটি গোলাপজল উৎপাদন ও বিপণন প্রকল্প গ্রহণ করতে চায়। আয়-ব্যয় প্রাক্কলন করে দেখা যায় ৫ বছর মেয়াদি এই প্রকল্পে প্রাথমিক বিনিয়োগ ৫ কোটি এবং বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৫০ লক্ষ, ১.৫ কোটি, ২ কোটি, ২.৫ কোটি, ৭৫ লক্ষ টাকা। অন্যান্য চলতি খরচ বিক্রয়ের ৩০% এবং কর ১৫%। [রাজশাহী বোর্ড ২০২১] ★★★

ক. মূলধন বাজেটিং কী?

খ. বিনিয়োগের মূল্য ওঠা-নামা করে কেন? ব্যাখ্যা কর।

PARTHIB BOOKS

গ. উদ্দীপকের আলোকে মারজানা কেমিক্যালের গড় মুনাফার হার নির্ণয় কর।
ঘ.বার্ষিক বিক্রয়ের পরিমাণকে আন্তঃপ্রবাহ ধরলে মারজানা কেমিক্যালের পে-ব্যাক সময় কত হবে? নির্ণয় কর।

**প্রশ্ন ৪** জনাব রাকিব একটি প্রকল্পে ৫০,০০০ টাকা বিনিয়োগ করার চিন্তা করেছেন, যা থেকে আগামী ৬ বছরে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ১০,০০০ টাকা, ২০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকা পাওয়া যাবে। অবচয় ৪,০০০ টাকা। [চট্টগ্রাম বোর্ড ২০২১] ★★★

ক. মূলধন বাজেটিং কী?
খ.পণ্য বৈচিত্র্যায়ন কী? ব্যাখ্যা কর।
গ.জনাব রাকিবের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর।
ঘ.জনাব রাকিব প্রকল্পের বিনিয়োগকৃত টাকা কত বছরের মধ্যে ফেরত পাবে? নির্ণয় কর।

**প্রশ্ন ৫** জনাব মিজান একজন বিনিয়োগকারী। তিনি ৩ বছরের মধ্যে বিনিয়োগকৃত টাকা তুলে আনার আশায় একটি প্রকল্পে ১৮ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। এক্ষেত্রে প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ১১ লক্ষ, ১৫ লক্ষ ও ১৯ লক্ষ টাকা। স্থায়ী ব্যয় ১ লক্ষ টাকা ধরা হয় এবং চলতি ব্যয় বিক্রয়ের ৩০%। কর হার ৩০%।
[সিলেট বোর্ড ২০২১] ★★★

ক. মূলধন বাজেটিং কী?
খ্‌ পণ্যের বৈচিত্র্যায়ন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।
গ.জনাব মিজানের প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর।
ঘ.পে-ব্যাক সময়ের ভিত্তিতে জনাব মিজানের কি বিনিয়োগ প্রকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৬** 'সান' এন্টারপ্রাইজ ৩ বৎসর মেয়াদি 'গোল্ডেন ফিউটার' নামে একটি প্রকল্পে ২৪ লক্ষ টাকা বিনিয়োগ করল। আগামী ৩ বছরে প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ২ লক্ষ ৫০ হাজার, ৭ লক্ষ এবং ৯ লক্ষ টাকা। আরও অনুমান করা হয় যে, প্রতি বৎসর বিক্রয়ের ৪০% চলতি খরচ হবে। স্থায়ী খরচ হবে প্রতি বৎসর ১ লক্ষ টাকা। প্রাক্কলিত বার্ষিক অবচয় ৯৫,০০০ টাকা সর্বশেষ ৩০% কর অনুমান করা হয়। অন্যদিকে 'মুন' প্রকল্পের বিগত তিন বছরের নগদ প্রবাহ ৭০ হাজার টাকা, ৫০ হাজার টাকা, ১৪ হাজার টাকা। স্টার প্রকল্পের বিনিয়োগকৃত টাকা ২.২৫ বছরে ফেরত আসবে। [বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০২১] ★★★

PARTHIB BOOKS

ক. নগদ আন্তঃপ্রবাহ কী?

খ. বাট্টাহার নির্ধারণ করা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর ।

গ. 'সান এন্টারপ্রাইজের' গোল্ডেন ফিউচার প্রকল্পের কর পরবর্তী নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর।

ঘ. পে-ব্যাক নির্ণয়পূর্বক মুন ও স্টার প্রকল্পের মধ্যে কোন প্রকল্পটি গ্রহণ করা যৌক্তিক? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৭** জনাব সামি তার ৫ কোটি টাকা 'ক' ও 'খ' নামে দুটি প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। 'ক' প্রকল্পের ৩ বছরের বিক্রয়ের কার পরিধাণ যথাক্রমে ৫০ লক্ষ, ১.৫ কোটি ও ২ কোটি টাকা । চলতি খরচবিক্রয়ের ৩৫% এবং কর ৩০%। আর 'খ' প্রকল্পের গড় মুনাফা ১২.৪ লক্ষ টাকা। অন্যদিকে তার সামনে 'গ' নামে অন্য একটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আসে যা থেকে ৩ বছরে নগদ প্রবাহ যথাক্রমে
(-০.৫) লক্ষ, ৯৩.০৮ লক্ষ, ৪০.১০ লক্ষ। [বরিশাল বোর্ড ২০২১] ★★★

ক. কোনটি অর্থায়নের সাফল্যের চাবিকাঠি?

খ. বিনিয়োগকারীর তারল্য ঝুঁকির ধারণাটি ব্যাখ্যা কর।

গ. 'গ' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর।

ঘ. পড় মুনাফার হার নির্ণয়পূর্বক জনাব সামির কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক হবে? বিশ্লেষণ কর।

**প্রশ্ন ৮** জনাব জারজিল অনেক দিন ধরে 'ফার্মা' ও 'ডেল্টা' নামে দুটি প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। প্রকল্পে বিনিয়োগের উদ্দেশ্যে তিনি "শর্মী ব্যাংক' থেকে কিছু টাকা ঋণ নেন। ঋণের সুদ তিনি উভয় বিনিয়োগের আয় থেকে পরিশোধ করবেন। 'ফার্মা' প্রকল্পে বিনিয়োগ করে ৪ বছরে বিক্রয় যথাক্রমে ১,০০,০০০, ৮০,০০০, ৭০,০০০, ৬০,০০০ টাকা। অবচয় ৮,০০০ টাকা, পরিবর্তনশীল খরচ ১০,০০০ টাকা এবং কর হার ২০%। 'ডেল্টা' প্রকল্পে বিনিয়োগকৃত টাকা তিনি ৩ বছরের মধ্যেই ফেরত পান। [ময়মনসিংহ বোর্ড ২০২১] ★★★

ক. আন্তঃপ্রবাহ কী?

খ. 'মূলধন বাজেটিং অর্থায়নের সাফল্যের চাবিকাঠি'- উক্তিটি ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আলোকে 'ফার্মা' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর।

ঘ. 'ফার্মা' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক মি. জারজিসের জন্য কোন প্রকল্পটিতে বিনিয়োগ অধিক লাভজনক বলে তুমি মনে কর? মতামত দাও।

PARTHIB BOOKS

**প্রশ্ন ৯** ABC কোম্পানির হাতে দুটি প্রকল্প রয়েছে। প্রত্যেক প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৬০,০০০ টাকা, এবং প্রকল্পের মেয়াদ ৪ বছর। জুঁই প্রকল্প থেকে আগামী ৪ বছরের প্রাক্কলিত আয় যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা। চলতি খরচ আয়ের ২০%, স্থায়ী খরচ ৫,০০০ টাকা এবং কর ৩০%। অপরদিকে, বেলি প্রকল্পের করপরবর্তী মুনাফা ৪,০০০ টাকা, ৫,০০০ টাকা, ৮,০০০ টাকা ও ৬,০০০ টাকা। বেলি প্রকল্পের গড় মুনাফার হার ১৯.১৭% । [ঢাকা বোর্ড ২০২০] ★★★

ক. মূলধন বাজেটিং কাকে বলে?

খ. মালিক রেস্টুরেন্টে ফ্যানের পরিবর্তে এসি লাগালে মূলধন বাজেটিং-এর কোন ধরনের প্রয়োগ হবে? ব্যাখ্যা কর।

গ. বেলি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় কর।

ঘ. ABC কোম্পানির জন্য কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য? গড় মুনাফার হারের ভিত্তিতে মতামত দাও।

**প্রশ্ন ১০** জনাব বিপুল 'সোহা' ও 'নূহা' নামে দুটি প্রকল্পের যেকোনো একটিতে ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চান। সোহা প্রকল্পের ৫ বছরের প্রাক্কলিত করযোগ্য মুনাফা যথাক্রমে ১৫,০০০ টাকা, ১৮,০০০ টাকা, ১২,০০০ টাকা, ১৪,০০০ টাকা এবং ১০,০০০ টাকা। করহার ১০% এবং বার্ষিক অবচয় ২০,০০০ টাকা । নূহা প্রকল্পের পে-ব্যাক সময় ২.৫ বছর। [কুমিল্লা বোর্ড ২০১৯] ★★★

ক. বিক্রয় থেকে প্রতিষ্ঠানে কোন প্রবাহ ঘটে?

খ.. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কী? ব্যাখ্যা কর।

গ. সোহা প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় কর।

ঘ. জনাব বিপুলের প্রকল্প দুটির মধ্যে কোনটি বর্জন করা উচিত? যুক্তিসহ উপস্থাপন কর।

**প্রশ্ন ১১** জননী বলপেন কোম্পানি লি. কিছু নতুন কলম তৈরির জন্য ডিসকভারি ও চকোচকো নামে দুটি প্রকল্পের যে কোনো একটিতে বিনিয়োগের সিদ্ধান্ত নিল। উভয় প্রকল্পের ব্যয়ই ১,০০,০০০ টাকা। প্রকল্প দুইটি থেকে কোম্পানি নিম্নোক্তভাবে নগদ আন্তঃপ্রবাহ ঘটার প্রত্যাশা করছে। ★★★

| বছর | ডিসকভারি | চকোচকো |
|---|---|---|
| ১ | ৬০,০০০০ | ৫০,০০০ |
| ২ | ৪০,০০০ | ৩০,০০০ |
| ৩ | ৩০,০০০ | ৮০,০০০ |

PARTHIB BOOKS

ক. মূলধন বাজেটিং এর কয়টি পদ্ধতি আছে?

খ. মূলধন খরচই মূলধন বাজেটিং প্রক্রিয়ার বাট্টার হার–ব্যাখ্যা কর।

গ. জননী বলপেন কোম্পানির পকল্প দুইটির পে–ব্যাক সময় নির্ণয় কর।

ঘ. বিনিয়োগের জন্য জননী বলপেন কোম্পানির কোন প্রকল্পটি বেছে নেয়া উচিত? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**প্রশ্ন ১২** প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য আমজাদ ব্রাদার্স ৫০,০০,০০০ টাকার ছাপা সংক্রান্ত মেশিনারি জাপান থেকে আমদানি করে। মেশিনগুলো ৫ বছর মেয়াদি এবং এদের বাৎসরিক অবচয় ১০,০০,০০০ টাকা। আগামী ৫ বছর মেশিনগুলো থেকে প্রাপ্য নিট মুনাফা নিম্নরূপ : ★★★

| | বছর–১ | বছর–২ | বছর–৩ | বছর–৪ | বছর–৫ |
|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ৫,০০,০০০ | ৬,০০,০০০ | ৭,০০,০০০ | ৭,৫০,০০০ | ৮,০০,০০০ |

